ভারতের সর্বাধিক প্রচারিত বাংলা দৈনিক ই পেপার

# নিউজ সারাদিন

বাংলার মানুষের সাথে, মানুষের পাশে



◀◀ মুখে অস্ত্রোপচার ইস্যুতে এবার ক্ষোভ ঝাড়লেন আলিয়া

পৃঃ ৫



নেতৃত্বের নিষেধাজ্ঞা ▶▶ উঠে গেল ওয়ার্নারের

পৃঃ ৬

Digital Media Act No. : DM /34/2021 ● Govt. of India Reg No. : WB18D0018520 (UAN) ● ISBN No. : 978-93-5918-830-0 ● Website : https://epaper.newssaradin.live/ ● বর্ষ ঃ ৪ সংখ্যা ঃ ২৯৩ ● কলকাতা ● ১৪ কার্তিক, ১৪৩১ ● বৃহস্পতিবার ● ৩১ অক্টোবর, ২০২৪ পৃষ্ঠা - ৬ ৫ টাকা

## অভিষেক বন্দ্যোপাধ্যায়কে 'বাংলার মুখ্যমন্ত্রী' বলে বিতর্কে জড়ানো কেতু গ্রামের বিধায়ক



**বেবি চক্রবর্তী: বর্ধমান : নিউজ সারাদিন :** পূর্ব বর্ধমানের কেতুগ্রামের সংস্কৃতি লোকমঞ্চে তৃণমূল কংগ্রেসের বিজয়া সম্মেলনী অনুষ্ঠানের আয়োজন করা হয়েছিল। সেখানে বক্তব্য রাখতে গিয়েই তৃণমূলের সর্বভারতীয় সাধারণ সম্পাদক তথা ডায়মন্ড হারবারের সাংসদ অভিষেক বন্দ্যোপাধ্যায়কে 'বাংলার মুখ্যমন্ত্রী' বলে বসেন কেতুগ্রামের তৃণমূল বিধায়ক শেখ শাহনাওয়াজ মণ্ডল।

বিজয়া সম্মেলনীর মঞ্চে দাঁড়িয়ে এদিন কেতুগ্রামের জোড়াফুল বিধায়ক বলেন, 'বাংলার মুখ্যমন্ত্রী অভিষেক বন্দ্যোপাধ্যায়ের নির্দেশ মেনে দুর্গাপুজো, কালীপুজোর পাশাপাশি আমরা ধুমধাম করে


এরপর ৩ পাতায়

### বিজ্ঞপ্তি

এতদ্বারা সকলকে জানানো হচ্ছে যে আগামী ৯ই অক্টোবর থেকে ৩১শে অক্টোবর, ২০২৪ "কালীপূজা" উপলক্ষ্যে আমাদের সকল বিভাগ বন্ধ থাকবে, তাই ১লা নভেম্বর, ২০২৪ আমাদের পত্রিকার কোনো প্রকাশন হবে না। আগামী ২রা নভেম্বর, ২০২৪ তারিখে আমাদের পত্রিকা পুনরায় প্রকাশিত হবে।

সম্পাদক

## কোনও যোগ্য ব্যক্তি যেন বঞ্চিত না হয়, বিডিও-দের ফের সার্ভের নির্দেশ মমতার



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** কেন্দ্র টাকা না দিলে আবাস যোজনার টাকা রাজ্য সরকার দেবে বলে ঘোষণা করেছিলেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। সেই মতো আবাস যোজনার কাজ শুরু হয়েছে জেলায়-জেলায়। আর সমীক্ষার কাজ শুরু হতেই দিকে-দিকে ক্ষোভের বিস্ফোরণ। কোথাও শাসক দলের বিরুদ্ধে পক্ষপাতিত্বের অভিযোগ, কোথাও আবার যাদের বাড়ির প্রয়োজন তাঁদের ছাদ না মেলার অভিযোগ। প্রসঙ্গত, দুর্নীতির অভিযোগ তুলে আবাস যোজনার টাকা কেন্দ্র বন্ধ করে দেয়। কার্যত সংঘাত বাদে রাজ্যের সঙ্গে কেন্দ্রের। সেই সময় মুখ্যমন্ত্রী ঘোষণা করেছিলেন বকেয়া টাকা তিনি দেবেন। সেই মতো কাজ শুরু হয়েছে। ডিসেম্বরের মধ্যে থেকে রাজ্য সরকার এই টাকা দেবে। এমনকী একশো দিনের কাজের টাকাও দিয়ে দেওয়া হবে বলে ঘোষণা করা হয়।আর এই ধরনের একের পর এক অভিযোগ পেয়ে নড়চড়ে বসল নবান্ন। আবাসের তালিকা পুনর্মূল্যায়ন করতে বিডিও-দের নির্দেশ। কোনও যোগ্য ব্যক্তি যেন তালিকা থেকে বাদ না যায়, কড়া মুখ্যমন্ত্রী।

মঙ্গলবার মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় আবাস যোজনার বাড়ির টাকা দেওয়া নিয়ে মুখ্যসচিব-পঞ্চায়েত দফতরের

এরপর ৩ পাতায়

## ১ নভেম্বর থেকে কলকাতার ৫ মেডিক্যাল কলেজে 'সেন্ট্রাল রেফারেল সিস্টেম



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** মুখ্যসচিব জানিয়েছিলেন, ডাক্তার এবং পিজিটিদের সুবিধার জন্য অনলাইন রেফারেল সিস্টেম চালু হবে রাজ্যে। ইতিমধ্যেই এম আর বাঙুর হাসপাতালকে 'সেন্টার অফ এক্সিলেন্স' করে দক্ষিণ ২৪ পরগনায় অনলাইন রেফারেল সিস্টেম চালু হয়ে গিয়েছে। সেই কাজের সূত্র ধরেই ১ নভেম্বর কলকাতার পাঁচটি মেডিক্যাল কলেজ হাসপাতালের সঙ্গে জেলা ও ব্লক হাসপাতালগুলিকে অনলাইনে যুক্ত করা হচ্ছে।

এদিনই ঠিক হয়েছে, কলকাতার এক একটি মেডিক্যাল কলেজে কত সংখ্যক পুরুষ ও মহিলা পুলিশ কর্মী প্রয়োজন হবে। দিনে তিন দফা ডিউটি করতে হবে। রাতে এক ক্যাম্পাস থেকে অন্য ক্যাম্পাস অথবা ওয়ার্ডে মহিলা চিকিৎসক বা নার্স গেলে সঙ্গে থাকবেন মহিলা পুলিশ কর্মী। এছাড়া তো রইল 'রাত্তিরের সাথী' অ্যাপ। রোগী ভর্তির সময় এবং আউটডোরে দুজনের বেশি পরিজন থাকতে পারবে না। সবমিলিয়ে সরকারি হাসপাতালগুলি নিরাপত্তা ও সরঞ্জাম মিলিয়ে কর্পোরেট স্টাইলেই চলবে তারা।বুধবার কার্যত নিঃশব্দে তার মহড়া হয়ে গেল আর জি কর-সহ কলকাতা মেডিক্যাল কলেজ, এসএসকেএম, এনআরএস, ন্যাশনাল মেডিক্যাল কলেজে।

একইসঙ্গে এই পাঁচটি হাসপাতালে সিকিওরিটি অডিট করল লালবাজার। জুনিয়র ডাক্তারদের একাংশের দাবি ছিল, সিভিক পুলিশ নয়, পুরো সময়ের পুলিশ মোতায়েন

এরপর ৩ পাতায়

মৃত্যুঞ্জয় সরদারের আটটি বইয়ের মধ্যে
কলকাতার কলেজ স্ট্রিটে
চারটি বই পাওয়া যাচ্ছে।
অন্যান্য বইগুলো সব বিক্রি হয়েছে।

কলেজ স্ট্রিটে
পাওয়া যাচ্ছে বইগুলোর নাম

ঈশ্বরী কথা আর
মাতৃ শক্তি
কলেজ স্ট্রিট
কেশব চন্দ্র স্ট্রিটে,
অশোক পাবলিশিং হাউসে

সুন্দরবন ও
সুন্দরবনবাসি
বর্ণপরিচয় বিল্ডিংয়ে
উজ্জ্বল সাহিত্য মন্দিরে

কলেজ স্ট্রিট সারাদিন পাবলিকেশনের পাওয়া যাচ্ছে
আর্তনাদ নামের বইটি।
এই বইটি অনলাইনে বুক করলে পোস্ট অফিসে বাড়ি পৌঁছে যাবে।

যোগাযোগ নম্বর ৯৫৬৪৩৮২০৩১

আবাসিক শিক্ষা প্রতিষ্ঠান (বাংলা মাধ্যম)

সরবেড়িয়া আন্-নূর মিশন

(বালক ও বালিকা পৃথক ক্যাম্পাস)
(পঞ্চম থেকে দ্বাদশ শ্রেণি) বিজ্ঞান ও কলা বিভাগ

E-mail : sarberia.annoor.mission@gmail.com ● Contact : 9732531171

২০২৫ শিক্ষাবর্ষে ভর্তি সংক্রান্ত তথ্য (পঞ্চম থেকে নবম শ্রেণি)

পরীক্ষা কেন্দ্র সরবেড়িয়া আন নূর মিশন
সরবেড়িয়া, এফ.এস.হাট, ন্যাজাট, উঃ ২৪ পরগনা

ফর্ম বিতরণ চলছে (অফলাইনে)

ফর্ম জমা দেওয়ার শেষ তারিখ : ৩রা নভেম্বর ২০২৪
ভর্তি পরীক্ষার তারিখ : ১০ই নভেম্বর ২০২৪ রবিবার দুপুর ১২টা
ফলাফল প্রকাশিত হবে : ১৭ই নভেম্বর ২০২৪ রবিবার দুপুর ২টা

ফলাফল জানা যাবে www.annoormission.org
এই website notice board-এ

সফল ছাত্র-ছাত্রীদের অভিভাবক/অভিভাবকা সাক্ষাৎকার ও
ভর্তি প্রক্রিয়া শুরু হবে ২২শে নভেম্বর থেকে ৩০শে নভেম্বর ২০২৪
ফর্মের মূল্য : ৫০.০০ টাকা

Girl's Hostel



Boy's Hostel



আবাসিক শিক্ষক চাই
বায়োলজি
এমএসসি অনার্স
ও একজন
কম্পিউটার
টিচার লাগবে
সত্বর Resume mail করুন

ফর্ম পাওয়ার জন্য বিস্তারিত জানতে যোগাযোগ করুন ফর্ম বিতরণ কেন্দ্রগুলিতে

❖ সরবেড়িয়া আন নূর মিশন
সরবেড়িয়া, এফ.এস. হাট, ন্যাজাট, উঃ ২৪ পঃ
মোঃ - ৯৫৬৪০১১৯০৬ / ৯৭৩৪৫৪৯৫০৫

❖ নিউ বিশ্বাস জেরক্স
মুরারীসাহা চৌমাথা, ভেবিয়া, উঃ ২৪ পঃ
মোঃ - ৯৬০৯০৮২৪১৬

❖ আদর্শ শিশু নিকেতন
ভাঙনখালি, (কলতলা মোড়) বাসন্তী, দঃ ২৪ পঃ মোঃ - ৮১৪৫২৫০০৮০

❖ সাগরিকা লাইব্রেরী
বিজয়গঞ্জ বাজার, ভাঙ্গর, দঃ ২৪ পঃ মোঃ - ৯৭৩৫২৮০৪০৭

❖ আরফান আলি বিশ্বাস
দেবগ্রাম, কাটোয়া মোড়, নদীয়া মোঃ - ৯১৫৩৯৩২৯০৬

## ভারত সেবাশ্রম সঙ্ঘের প্রতিষ্ঠিত স্কুলে

# নিজের মত ক্ষমতা জারি করে ওই স্কুলের প্রধান শিক্ষিকা মন্তব্য অধ্যক্ষ মহারাজের

**বেবি চক্রবর্ত্তী: নিউজ সারাদিন** : পূর্ব মেদিনীপুরের মহিষাদলে ১৯৫৩ সালে প্রতিষ্ঠিত হয় ভারত সেবাশ্রম সংঘের একটি শাখা যার উদ্দেশ্য স্থানীয় অঞ্চলে শিক্ষা বিস্তার, প্রাথমিক চিকিৎসা সেবা, গরীব দুঃস্থ ছেলেদের পড়াশোনার জন্য ছাত্রাবাস নির্মাণ এবং বন্যা বাঁশি মানুষের মধ্যে ত্রাণ সামগ্রী বিতরণ। পরম পূজ্য শ্রীমৎ স্বামী মুক্তানন্দী মহারাজ এই আশ্রমটি প্রতিষ্ঠা করেছিলেন। আশ্রমের পবিত্র অঙ্গনে একটি অবৈতনিক প্রাথমিক বিদ্যালয় ও প্রতিষ্ঠা করা হয় পরবর্তীতে সেটি পশ্চিমবঙ্গ সরকার অধিকগ্রহণ করে। ১৯ ৭৪ সাল থেকে স্কুলটি সরকারি করন হয়। দীর্ঘদিন এই অঞ্চলের শিক্ষা ব্যবস্থার উন্নয়নের জন্য ভারত সেবাশ্রম সংঘ মহিষাদল শাখার পক্ষ থেকে আরও একটি প্রাইভেট স্কুল ও প্রতিষ্ঠিত হয় এবং একটি আইটিআই কলেজ প্রতিষ্ঠা করা হয়।সারা বছরই আশ্রম বিভিন্ন সেবামূলক কাজ, যেমন ফ্রি মেডিকেল ক্যাম্প, কম্বল বিতরণ, স্থানীয় জনগণের মধ্যে ফলজ গাছের চারা বিতরণ সহ বিভিন্ন ধরনের সামাজিক কাজে আশ্রম সদা নিয়োজিত।। আশ্রমের সামনের যে খোলা অংশটি সেটি আশ্রম প্রাচীর নির্মাণ করে বিভিন্ন মহাপুরুষদের মূল্যবান বাণী দ্বারা সুসজ্জিত করে রেখেছিল বহুদিন ধরে। অতীব দুঃখের বিষয় আশ্রম তার সামনের খোলা জায়গাতে বিভিন্ন অনুষ্ঠান এবং স্কুলের ব্যবহারিত কিছু গাড়ি রাখতে গেলে সরকারি প্রাথমিক বিদ্যালয় এর কয়েকজন ব্যক্তি দ্বারা উস্কানিমূলক প্ররোচনায় কিছু সংখ্যালঘু সম্প্রদায়ের মানুষকে উসকে দিয়ে তারা সেই গাড়ি এবং আশ্রমের মূল গেটকে ক্ষতিগ্রস্ত করবার জন্য এগিয়ে আসে। শুধু তাই নয় । আশ্রমের সামনের জায়গাটি আশ্রমকে কোনভাবেই ব্যবহার করতে দেয়া হবে না বলে নানা ধরনের ভয়-ভীতি জাতীয় উস্কানিমূলক কথাবার্তা তারা প্রচার করছে এবং "সাংবাদিক বেবি চক্রবর্ত্তী কে অসাধু - বলেছেন ওই স্কুলের প্রধান শিক্ষিকা "....। বেবি চক্রবর্ত্তীর মন্তব্য যে কোন নিউজ বা সংবাদ মাধ্যম হল গণতন্ত্রের চতুর্থ স্তম্ভ। আমি একজন সাংবাদিক আমি প্রশ্ন করতেই পারি এটা আমার কাজ এবং এটা আমার অধিকার সংবিধান স্বীকৃত।

কিছুদিন আগে প্রবল বৃষ্টিতে আশ্রমের সামনের খালটি বেশ ক্ষতিগ্রস্ত হওয়ার দরুন আশ্রমের পক্ষ থেকে খালের পাড় বাধাই সহ বিভিন্ন সংস্কারের উদ্যোগ নেয়া হলে উক্ত সরকারি প্রাথমিক বিদ্যালয় পক্ষ থেকে ব্যাপক বাধা দেওয়া হয়। অথচ তাদেরকে বারবার বলা হয়েছে আশ্রমের সামনে জায়গাটি শুধুমাত্র সংস্কার করে সৌন্দর্য্যায়ন করা হবে। তার পরিপ্রেক্ষিতে স্কুলের পক্ষ থেকে নানা বাধার সম্মুখীন হয়ে কাজ বন্ধ হয়ে আছে।

## তন্ময় ভট্টাচার্যের বিরুদ্ধে শ্লীলতাহানির কেসে

# দ্রুত সত্য অনুসন্ধানের দাবীতে থানায় ডেপুটেশন ওয়েব জার্নালিস্ট অ্যাসোসিয়েশন অব ইন্ডিয়ার



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন** : সম্প্রতি সিপিএম নেতা তন্ময় ভট্টাচার্যের বিরুদ্ধে জনৈকা ইউটিউব চ্যানেলের মহিলা সাংবাদিক শ্লীলতাহানির যে কেস করেছেন সেই বিষয়ে ইতিমধ্যেই সরগরম রাজ্য রাজনীতি । এরই মধ্যে তদন্তের ফল দ্রুত প্রকাশের দাবীতে বরানগর থানায় রাজ্য সভাপতি ডক্টর চন্দ্রচূড় গোস্বামীর নেতৃত্বে ডেপুটেশন দিতে চলেছেন ভারতবর্ষের "মিনিস্ট্রি অব ইনফরমেশন এবং ব্রডকাস্টিং" স্বীকৃত অন্যতম ডিজিট্যাল পোর্টাল সাংবাদিকদের সংগঠন "ওয়েব জার্নালিস্টস অ্যাসোসিয়েশন অব ইন্ডিয়ার" সদস্যরা । তাঁদের বক্তব্য সেদিন ইন্টারভিউয়ের সময় ঠিক কি ঘটেছে তার সাক্ষী শুধুমাত্র বর্ষীয়ান সিপিএম নেতা তন্ময় ভট্টাচার্য, ইউটিউব চ্যানেলের ওই মহিলা সাংবাদিক এবং তার ক্যামেরা পারসন । তন্ময় ভট্টাচার্যের বিরুদ্ধে শ্লীলতাহানির অভিযোগ যদি সত্যি হয় তাহলে ওনার দৃষ্টান্তমূলক শাস্তি হওয়া উচিৎ । সত্য এবং নিরপেক্ষ পথে এই তদন্ত দ্রুত নিস্পত্তি করার ক্ষমতা একমাত্র পুলিশ প্রশাসনের রয়েছে । তাই ওনারা "ওয়েব জার্নালিস্টস অ্যাসোসিয়েশন অব ইন্ডিয়ার" পক্ষ থেকে থানায় ডেপুটেশন দিচ্ছেন । ফেসবুক লাইভে বক্তব্য রাখার সময় অভিযোগকারিণী আশঙ্কা প্রকাশ করেছেন যেহেতু উনি ইউটিউব চ্যানেলের সাংবাদিক অর্থাৎ কোন প্রথিতযশা চ্যানেলের সাংবাদিক নন তাই হয়তো তিনি প্রভাবশালীদের দ্বারা আক্রান্ত হবেন এবং সঠিক জাস্টিস পাবেননা । কিন্তু ওয়েব জার্নালিস্টস অ্যাসোসিয়েশন অব ইন্ডিয়ার বক্তব্য তন্ময় ভট্টাচার্যের বিরুদ্ধে করা অভিযোগ যদি সত্য হয় তাহলে কোন ভীতি বা হীনমন্যতার প্রয়োজন নেই, ওনারা নির্যাতিতার পাশে থাকবেন । শুধু তাই নয় কর্মক্ষেত্রে অন্য কোন ওয়েব জার্নালিস্ট যদি আক্রান্ত হন, ওনাদের শ্রম চুরি হয় অথবা কেউ যৌণ হেনস্থার শিকার হন

এরপর ৩ পাতায়

## কালীপূজো উপলক্ষে

# পুলিশের উদ্যোগে দুঃস্থদের বস্ত্র বিতরণ



**অরূপ ঘোষ, ঝাড়গ্রাম : নিউজ সারাদিন** : আলোর উৎসব কালী পূজো উপলক্ষে বুধবার ঝাড়গ্রাম জেলার জামবনি থানার পুলিশের উদ্যোগে থানা প্রাঙ্গনে দুঃস্থদের বস্তবিতরণ অনুষ্ঠানের আয়োজন করা হয়। ওই অনুষ্ঠানে বুধবার উপস্থিত ছিলেন জামবনি থানার আই. সি বিশ্বজিৎ সাহা ও ঝাড়গ্রামের এস.ডি.পি.ও শামীম বিশ্বাস সহ অন্যান্য পুলিশ আধিকারিকরা। অনুষ্ঠানে উপস্থিত পুলিশ আধিকারিকরা জামবনি থানার বিভিন্ন এলাকার দুঃস্থ পরিবারের হাতে নতুন বস্ত্র তুলে দেন। ওই অনুষ্ঠানে জামবনি থানার অসহায় দরিদ্র পরিবারের ১৫০ জন মহিলাদের হাতে নতুন বস্ত্র ও মিষ্টির পেকেট তুলে দেওয়া হয়। কালীপূজা ও দীপাবলি উৎসবের আনন্দটুকু এলাকার দারিদ্র মানুষদের সাথে ভাগ করে তাদের মুখে হাসি ফোটানোর চেষ্টায় জামবনি থানার পুলিশের এই উদ্যোগ বলে পুলিশের পক্ষ থেকে জানানো হয়। পুলিশের উদ্যোগে নতুন বস্ত্র পেয়ে খুশি জামবনি ব্লকের দরিদ্র পরিবারের মহিলারা। তাই তারা জামবনি থানার পুলিশের এই উদ্যোগে স্বাগত জানিয়েছেন।

## শব্দবাজির রমরমা রুখতে পুলিশের মাইকিং



**অরূপ ঘোষ, ঝাড়গ্রাম : নিউজ সারাদিন** : আলোর উৎসব দীপাবলীর আগে নিষিদ্ধ শব্দবাজির রমরমা রুখতে উদ্যোগ নিল বেলিয়াবেড়া থানার পুলিশ প্রশাসন। বুধবার বেলিয়াবেড়া থানার ওসি সুদীপ পালোধীর নির্দেশ মতো থানা এলাকায় নিষিদ্ধ শব্দবাজি ব্যবহার থেকে মানুষকে রুখতে করা হল মাইকিং। এদিন পুলিশের পক্ষ থেকে মাইকিং করে একাধিক জায়গায় সচেতন করা হয় হাইকোর্টের নির্দেশ মতো সবাই যেন আলোর উৎসবে নিষিদ্ধ শব্দবাজি ব্যবহার না করেন। পরিবর্তে গ্রীন বাজি ব্যবহার করে উৎসব পালন করেন। হাইকোর্টের নির্দেশ অমান্য করলে নিষিদ্ধ শব্দবাজি ব্যবহারকারীর বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণের হুঁশিয়ারি দেওয়া হয় বেলিয়াবেড়া থানার পুলিশের পক্ষ থেকে। এছাড়াও শব্দবাজির রমরমা রুখতে মাইকিং করে বুধবার নজরদারিতে নামলো নয়াগ্রাম থানার পুলিশ। এদিন নয়াগ্রাম থানার আই.সি সুদীপ ঘোষালের নেতৃত্বে নয়াগ্রামের নয়াগ্রাম বাজার ও খড়িকামাথানী বাজারে মাইকিং করে শব্দবাজির বিরুদ্ধে রাস্তায় নামলো নয়াগ্রাম থানার পুলিশ। পাশাপাশি জামবনি থানা এলাকায় জামবনি থানার আই.সি বিশ্বজিৎ ঘোষের নেতৃত্বে শব্দবাজির বিরুদ্ধে মাইকিং করা হয়। মাইকিং করে নিষিদ্ধ বাজি পোড়ানো এবং বিক্রি থেকে বিরত থাকার নির্দেশ দেওয়া হয়।

## Congress: 'কর্মীদের ভাবনাকে গুরুত্ব দেওয়া উচিত', 'একলা চলো' নীতি নিয়ে

# ফের প্রাক্তনকে খোঁচা শুভঙ্করের?



**কলকাতা: নিউজ সারাদিন** : বাম-কংগ্রেস জোট ভোট এলেই জোট নিয়ে শুরু হয়ে যায় চাপানউতোর। এবারও উপনির্বাচনের প্রাক্কালে তার অন্যথা হয়নি। শেষ পর্যন্ত বামেরা কংগ্রেসের হাত ধরছে নাকি ধরছে না, সেদিকে পাখির চোখ ছিল রাজনৈতিক মহলের। যদিও শেষবেলায় এসে ভেস্তে গিয়েছে জোটের পরিকল্পনা। এদিকে দায়িত্ব পাওয়ার পর থেকে বারবারই 'একলা চলো' নীতির পক্ষেই জোরালো সওয়াল করে গিয়েছেন নতুন প্রদেশ কংগ্রেস সভাপতি শুভঙ্কর সরকার। উল্টে প্রাক্তন প্রদেশ কংগ্রেস সভাপতি বরাবরই সিপিএমের সঙ্গে হাতে হাত মিলিয়ে হাঁটার পক্ষে সওয়াল করেছেন। আসন সমঝোতার সেই ছবি দেখা গিয়েছিল শেষ লোকসভা নির্বাচনের সময়েও। কিন্তু উপনির্বাচনে এমনটা আর হল না। তাই আগামী নির্বাচনগুলিতেও বামেদের সঙ্গে কংগ্রেসের জোটের ভবিষ্যতে বড়সড় প্রশ্ন যে রয়েই যাচ্ছে তা আর বলার অপেক্ষা রাখে না। একক শক্তিতেই কংগ্রেস কর্মীরা উজ্জীবিত। তাই তাঁদের ভাবনাকে গুরুত্ব দেওয়া উচিত। বিজয়া সম্মিলনীর মঞ্চ থেকে এমনটাই দাবি করলেন নতুন প্রদেশ কংগ্রেস সভাপতি।

আগামী নভেম্বর মাসে রাজ্যে ছয়টি বিধানসভা আসনে উপনির্বাচন। সেই উপনির্বাচনে একক শক্তি হিসেবে লড়াই করছে কংগ্রেস। জোট ভেঙেছে বামেদের সঙ্গে। সেই প্রসঙ্গেই এবার ফের একবার উঠে এল কংগ্রেসের বিজয়া সম্মিলনীর মঞ্চে। দলের অন্দরের খবর, বামেদের সঙ্গে জোট ভেঙে যাওয়ায় রীতিমতো উচ্ছ্বসিত প্রাক্তন প্রদেশ কংগ্রেস সভাপতি অধীর রঞ্জন চৌধুরীর বিরুদ্ধে গোষ্ঠীর নেতা থেকে কর্মীরা। কেউ কেউ সরাসরি বলছেন, অন্যবারের তুলনায় এবার ফলাফল অনেক ভাল হবে। দলের সাধারণ সম্পাদক আশুতোষ চট্টোপাধ্যায় আবার এক ধাপ এগিয়ে বামেদের কিছুটা হলেও খোঁচা দিয়ে বলেন, "এবার আমাদের ফল দেখবেন। অনেকের থেকে অনেক বেশি ভাল ফল হবে।" আবার কতিপয় নেতা বললেন, দলকে বিক্রি করে

এরপর ৩ পাতায়







## সামুদ্রিক মণ্ডপ ও কালী পূজার জীবন্ত প্রদর্শনী



**জয়দীপ যাদব : কলকাতা: নিউজ সারাদিন** : বৃহত্তর মেটিয়াবুর্জের রবীন্দ্রনগর থানা এলাকার টিজি রোডে বেলপুকুর যুবক সংঘের কালীপুজোর উদ্বোধন করেন অভিনেত্রী ফালক রশিদ রায় এবং আইএএ ইন্ডিয়ার গুডউইল অ্যাম্বাসেডর এবং ইউনেস্কোর অফিসিয়াল পার্টনার বিপ্লব রায়। বেলপুকর যুবক সংঘের প্রধান সাংগঠনিক সম্পাদক সুরদা বাহাদুর সোনার পাপুল দাই জানান, ১৯৬৫ সাল থেকে এখানে কালী পূজা ও জীবন্ত প্রদর্শনীর আয়োজন করা হচ্ছে। এই বছর মণ্ডপটি সামুদ্রিক প্রাণী এবং মহাসাগর, সমুদ্র, নদী, জলপ্রপাত, হিমবাহ বা তুষার-ঢাকা পর্বতশ্রেণী এবং পুকুর সংরক্ষণের জন্য নিবেদিত। কারণ জলের উৎস বিপদে পড়েছে। যেখানে মা কালী সাগরে পঞ্চভূতের সিংহাসনে অধিষ্ঠিত এবং যেখানে কালী মাতা অশুভ শক্তির বিনাশ করছেন। সংঘের প্রধান সাংগঠনিক সম্পাদক, সুরদা বাহাদুর সোনার পাপুল দাই জানান যে প্রতি বছর এখানে সামাজিক, অনুষ্ঠান, ধর্মীয় ইত্যাদি থেকে শুরু করে বিভিন্ন বিষয়ে একটি জীবন্ত প্রদর্শনীর আয়োজন করা হয়। উল্লিখিত প্রদর্শনী দেখতে দূর-দূরান্ত থেকে মানুষ এখানে আসেন এবং এর খ্যাতি পুরো মহানগরীতে থাকে। আলোকসজ্জাও উন্নত করা

এরপর ৩ পাতায়

১-ম পাতার পর

## অভিষেক বন্দ্যোপাধ্যায়কে 'বাংলার মুখ্যমন্ত্রী' বলে বিতর্কে জড়ানো কেতু গ্রামের বিধায়ক

ঈদও পালন করব'। শেখ শাহনাওয়াজের এই মন্তব্য ঘিরেই শুরু হয়েছে জোর চর্চা।

কেতুগ্রামের বিধায়ক এই মন্তব্য করার পরেই অবশ্য মঞ্চে উপস্থিত বাকি নেতৃত্বরা ঈশারায় বোঝাতে থাকেন তিনি মুখ্যমন্ত্রীর নাম ভুল বলেছেন। এরপর নিজের ভুল শুধরে নেন তিনি। অভিষেক নন, বরং এবার পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী হিসেবে মমতা বন্দ্যোপাধ্যায়েরই নাম নেন।

শেখ শাহনাওয়াজ বলেন, 'আমাদের মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় বাংলাকে এগিয়ে নিয়ে প্রত্যেক মুহূর্তে চেষ্টা করে যাচ্ছেন। অথচ মহিষাসুরের দল সমগ্র রাজ্য জুড়ে বিশৃঙ্খলা তৈরি করছে'। এই বিষয়ে তৃণমূল কংগ্রেস কর্মীদের আরও বেশি সজাগ থাকার পরামর্শ দেন তিনি।

এদিকে জানা যাচ্ছে, বিজয়া সম্মেলনীর মঞ্চে রাজ্যের মুখ্যমন্ত্রীর নাম ভুল বলা প্রসঙ্গে পরবর্তীতে আর কোনও প্রতিক্রিয়া দিতে চাননি কেতুগ্রামের বিধায়ক। তবে বিষয়টি নিয়ে ইতিমধ্যেই জোর চর্চা শুরু হয়েছে। মমতা বন্দ্যোপাধ্যায়ের পরিবর্তে রাজ্যের মুখ্যমন্ত্রী হিসেবে তৃণমূলের সেকেন্ড ইন কমান্ড অভিষেক বন্দ্যোপাধ্যায়ের নাম নেওয়ার বিষয়টিকে তাৎপর্যপূর্ণ বলে মনে করছেন অনেকে।

১-ম পাতার পর

## কোনও যোগ্য ব্যক্তি যেন বঞ্চিত না হয়, বিডিও-দের ফের সার্ভের নির্দেশ মমতার

সকলকে নিয়ে নবান্নে একটি উচ্চ পর্যায়ের বৈঠক করেন। যেখান থেকে বলা হয়, কেন্দ্রের সমস্ত শর্ত মানা হলেও একটি শর্ত মানবে না রাজ্য। সেখানেই দেখা যাচ্ছে আবাসের বাড়ির লিস্টে নাম তোলা নিয়ে বেশ কিছু গোলমালের অভিযোগ প্রকাশ্যে আসছে।নবান্ন সূত্রে খবর, যে তালিকা নবান্নে গিয়েছে সেখানে যে নামগুলি বাদ পড়েছে সেই বিষয়টি আরও একবার পুনর্মূল্যায়ন করার নির্দেশ দেওয়া হয়েছে। সেগুলি পুরো বিডিও-কে নির্দেশ দেওয়া হয়েছে যাতে আরও একবার তালিকাটি পুনর্মূল্যায়ন করেন তাঁরা। মুখ্যমন্ত্রী পরিষ্কার জানিয়েছেন, আবাসের বাড়ি বণ্টনের ক্ষেত্রে আরও মানবিক হতে হবে।

১-ম পাতার পর

## ১ নভেম্বর থেকে কলকাতার ৫ মেডিক্যাল কলেজে 'সেন্ট্রাল রেফারেল সিস্টেম

করতে হবে হাসপাতালের আউটডোর প্রয়োজনে ইনডোরে। মহিলা পুলিশও রাখতে হবে স্ত্রী. প্রসূতি ও পেডিয়াট্রিকস বিভাগে। তবে আর জি করে যেহেতু আদালতের নির্দেশে সিআইএসএফ রয়েছে, তাই অনলাইন সিস্টেম চালু হলেও নিরাপত্তার বিষয়টি এখনই কলকাতা পুলিশের হাতে যাবে কিনা, তা নিয়ে এখনই কোনও প্রশাসনিক সিদ্ধান্ত নেয়নি নবান্ন। এখন প্রশ্ন, অনলাইন রেফারেল সিস্টেম চালু হলে চিকিৎসকদের কতটা সুবিধা হবে, রোগীদেরও লাভ কতটা?অনলাইন রেফারেল সিস্টেম এমন একটা ব্যবস্থা যে আউটডোরে বসেই সংশ্লিষ্ট বিভাগের চিকিৎসক বুঝে নিতে পারবেন তাঁর বিভাগের কতগুলি বেড ফাঁকা আছে। আবার জেলা বা ব্লক হাসপাতালগুলি যুক্ত হওয়াতে তারাও বুঝতে পারবে কোন মেডিক্যাল কলেজ বা হাসপাতালে বেড ভ্যাকান্সি কতটা। এক্ষেত্রে ব্লক ও জেলা হাসপাতালগুলির গুরুত্ব অপরিসীম। সংশ্লিষ্ট হাসপাতালের চিকিৎসক দেখা নেবেন কোন হাসপাতালে রোগী পাঠানো উচিত। ধরা যাক, বাদুড়িয়া ব্লক হাসপাতালে সেরিব্রাল স্ট্রোকের কোনও রোগীকে আনা হয়েছে। বাঙুর হাসপাতালের সঙ্গে অনলাইনে আলোচনা করে প্রয়োজনীয় ইঞ্জেকশন-ওষুধ দিয়ে রোগীকে বাঙুরেই পাঠানোর উদ্যোগ নেওয়া যাবে। ঘটনা হল এই সিস্টেমে রোগীর হাতে একটা চিরকূট দেওয়া হবে, যেখানে বেড নম্বর লেখা থাকবে। অ্যাম্বুল্যান্সে করে রোগীকে বাঙুর হাসপাতালের জরুরি বিভাগে নিয়ে গেলেই সংশ্লিষ্ট বা কর্তব্যরত চিকিৎসক রোগীকে ভর্তি করে নেবেন। এর ফলে হাসপাতালগুলিতে রোগীর পরিজনের বিক্ষোভও কমবে। তাঁরাও জেনে যাবে যে কোন হাসপাতালে কোন রোগের চিকিৎসা হয়।চিকিৎসকদের উপরেও চাপ কমবে। স্বাস্থ্যদপ্তর সূত্রে খবর, কলকাতার ৫ মেডিক্যাল কলেজে চালু হওয়ার দিন কয়েকের মধ্যেই বাকি ২৩টি মেডিক্যাল কলেজে এই ব্যবস্থা চালু হবে। উত্তরবঙ্গের ক্ষেত্রে উত্তরবঙ্গ মেডিক্যাল কলেজ হাসপাতালকে নোডাল সেন্টার হিসেবে চিহ্নিত করা হয়েছে।

২ পাতার পর

## তন্ময় ভট্টাচার্যের বিরুদ্ধে শ্লীলতাহানির কেসে দ্রুত সত্য অনুসন্ধানের দাবীতে থানায় ডেপুটেশন ওয়েব জার্নালিস্ট অ্যাসোসিয়েশন অব ইন্ডিয়ার

তাহলেও এই সংগঠন শেষ পর্যন্ত ডিজিটাল সাংবাদিকদের পাশে থাকবেন । সম্প্রতি ওয়েব জার্নালিস্টস অ্যাসোসিয়েশন অফ ইন্ডিয়ার পশ্চিমবঙ্গ শাখা ইউটিউব পোর্টাল গুলোকে অল ইন্ডিয়া ডিজিট্যাল রেজিস্ট্রেশন করিয়ে দেওয়া, পোর্টালের সাংবাদিকদের আইডেন্টিটি কার্ড সরবরাহ করার পাশাপাশি পশ্চিমবঙ্গের বিভিন্ন স্থানে খুব স্বল্প মূল্যে এবং অল্প সময়ে অত্যন্ত উন্নতমানের প্রশিক্ষণেরও ব্যবস্থা করেছে । চন্দ্রচূড় বাবুর বক্তব্য সাংবাদিকতায় খুব গুরুত্বপূর্ন একটি বিষয় হলো "মিডিয়া এথিক্স" অর্থাৎ সততার সাথে সঠিক খবর পরিবেশন করা । কিন্তু পেশার তাগিদে কাজ করতে গিয়ে কোন সাংবাদিক আক্রান্ত হলে বা কোনোরকম হেনস্থার সম্মুখীন হলে রুখে দাঁড়াবে "ওয়েব জার্নালিস্টস অ্যাসোসিয়েশন অব ইন্ডিয়া" কারণ ওই নির্যাতিত সাংবাদিক অ্যাসোসিয়েশনের সদস্য থাকুক বা না থাকুক, ওনারা সকল সংবাদিককেই তাঁদের বৃহত্তর পরিবারের মূল্যবান সদস্য বলে মনেকরেন।

২ পাতার পর

## সামুদ্রিক মণ্ডপ ও কালী পূজার জীবন্ত প্রদর্শনী

হয়েছে এবং আলোর মাধ্যমে সামাজিক উদ্বেগের বিষয়গুলি উপস্থাপন করা হয়েছে। আজ উক্ত কর্মসূচীতে বক্তব্য রাখেন স্থানীয় থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা মুকুল মিয়া, সংগঠনের সভাপতি ধনঞ্জয় সিংহ, আবুল কালাম, চন্দ্র বাহাদুর সোনার, সমাজসেবক সঞ্জয় জয়সওয়াল প্রমুখ।এসময় উপস্থিত ছিলেন পারস সোনার, বিনোদ সোনার প্রমুখ।

## রাষ্ট্রপতি ভবনে কোনার্ক চক্রের প্রতিরূপ

**নয়াদিল্লি, ২৯ অক্টোবর, ২০২৪ : নিউজ সারাদিন :** রাষ্ট্রপতি ভবনের সাংস্কৃতিক কেন্দ্র এবং অমৃত উদ্যানে বেলে পাথরের নির্মিত ৪টি কোনার্ক চক্রের প্রতিরূপ স্থাপিত হয়েছে। এর মাধ্যমে দর্শকদের কাছে দেশের সমৃদ্ধ ঐতিহ্য তুলে ধরা হয়েছে। রাষ্ট্রপতি ভবনে বিভিন্ন ঐতিহ্যগত সাংস্কৃতিক এবং ঐতিহাসিক নিদর্শন তুলে ধরার যে উদ্যোগ নেওয়া হয়েছে এটি তারই অঙ্গ। ইউনেস্কোর আন্তর্জাতিক ঐতিহ্যশালী স্থান হিসেবে কোনার্ক সূর্য মন্দির স্বীকৃতিলাভ করেছে। ওড়িশার মন্দির স্থাপত্যের অনন্য রূপ এই মন্দির। এই মন্দিরের স্থাপত্য দেখে মনে হয়, সূর্য দেবতা একটি বড় রথে অধিষ্ঠিত। কোনার্ক চক্র ভারতের সাংস্কৃতিক ঐতিহ্যের এক প্রতীক।

২ পাতার পর

## Congress: 'কর্মীদের ভাবনাকে গুরুত্ব দেওয়া উচিত', 'একলা চলো' নীতি নিয়ে ফের প্রাক্তনকে খোঁচা শুভঙ্করের?

দেওয়া হয়েছিল। কেউ কেউ দলবাজি করে দলটাকে নিজের সম্পত্তি ভেবেছিলেন। কিন্তু, এবার দল একা লড়বে এবং ভাল ফল করবে। প্রদেশ কংগ্রেস সভাপতি শুভঙ্কর সরকার তো বলেই দিলেন, "সর্বভারতীয় স্তরে তাঁরা বা বামেরা ইন্ডিয়া জোটের মধ্যে রয়েছে। কিন্তু আঞ্চলিক স্তরে প্রত্যেকটি রাজনৈতিক দলের নিজ নিজ বৈশিষ্ট থাকে। সেইমতো তাঁরা লড়ছেন।আগামী দিন এই লড়াইয়ের উপরেই জোর দেওয়া হবে।" একইসঙ্গে বললেন, শাসকদলের বিরুদ্ধে কোনও সংসদীয় বক্তব্য পেশ করা হবে না। বাংলার মানুষ যেটা নিয়ে বিরোধিতা করছেন সেই ধরনের বক্তব্যই প্রত্যেকে দেবেন। যা দেখে রাজনৈতিক বিশ্লেষকদের বড় অংশের মত, আসলে তৃণমূলের বিরুদ্ধে কিছুটা হলেও নরম অবস্থানই নিলেন বর্তমান প্রদেশ কংগ্রেস সভাপতি। যদিও এর পাল্টা মতও উঠে আসছে।

তবে জোটে না গিয়ে কংগ্রেস যে কোনও 'ভুল' করছে এদিন বারবার যেন তাই প্রমাণ করার চেষ্টা করলেন শুভঙ্কর। স্পষ্ট করে বললেন, "ছ'টি উপনির্বাচনের লড়াই। নিজেদের শক্তি যাচাইয়ের লড়াই। একক শক্তিতে কর্মীরা অনেক বেশি উজ্জীবিত হয়। তাই সেই বিষয়টিকে গুরুত্ব দেওয়া উচিত।" যদিও একদম শেষে শুভঙ্কর এও বললেন, সবাইকে নিয়ে কাজ করতে হবে। একা একা কাজ করা যায় না। আর এখান থেকেই উঠছে প্রশ্ন। কোথাও কি নিজের অনুগতদের আবার সামনের সারিতে পেয়ে প্রাক্তন প্রদেশ কংগ্রেস সভাপতিকে খোঁচা দিলেন বর্তমান সভাপতি? প্রশ্নটা ঘুরছে রাজনৈতিক মহলের আনাচে-কানাচে।

## কেন্দ্রীয় স্বাস্থ্য মন্ত্রী শ্রী জে পি নাড্ডার নেতৃতে রাষ্ট্রীয় একতা দিবসে শপথ গ্রহণ



**নয়াদিল্লি, ৩০ অক্টোবর, ২০২৪ : নিউজ সারাদিন :** কেন্দ্রীয় স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রী শ্রী জগত প্রসাদ নাড্ডা রাষ্ট্রীয় একতা দিবস উপলক্ষে আজ নির্মাণ ভবনে দেশের ঐক্য ও অখন্ডতাকে আরও শক্তিশালী করে তোলার জন্য মন্ত্রকের আধিকারিক ও কর্মীদের শপথ বাক্য পাঠ করান। অনুষ্ঠানে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ প্রতিমন্ত্রী শ্রী প্রতাপরাও যাদব এবং স্বাস্থ্য সচিব শ্রীমতী পুণ্য সলিলা শ্রীবাস্তব উপস্থিত ছিলেন। সর্দার বল্লভভাই প্যাটেল ঐক্যবদ্ধ রাষ্ট্র গড়ে তোলার যে নেতৃত্ব দেন, তাঁর সেই উদ্যোগকে শ্রদ্ধা জানাতেই এই অনুষ্ঠানের আয়োজন করা হয়।

কেন্দ্রীয় স্বাস্থ্য মন্ত্রী অনুষ্ঠানে প্রগতিশীল এক সমাজ গড়ার লক্ষ্যে জাতীয় ঐক্যের গুরুত্বের কথা উল্লেখ করেন। "সর্দার প্যাটেল ঐক্য ও অখন্ডতার প্রশ্নে যে পথ দেখিয়েছেন, আজ আমরা সেই পথ অনুসরণ করার অঙ্গীকার গ্রহণ করলাম। ভারতকে অনন্য এক রাষ্ট্রে পরিণত করতে আমাদের যৌথ উদ্যোগ নিতে হবে, যেখানে সমন্বয় ও বৈচির্ত্যের আদর্শ প্রতিফলিত হয়"। অনুষ্ঠানে অংশগ্রহণকারী সকলে দেশের বৈচির্ত্যময় সংস্কৃতি, ভাষা ও ঐতিহ্যকে আরও শক্তিশালী এক বন্ধনে আবদ্ধ করে রাখার লক্ষ্যে একযোগে কাজ করার অঙ্গীকার গ্রহণ করেন। তাঁরা এই মর্মে শপথ গ্রহণ করেন। কেন্দ্রীয় স্বাস্থ্য মন্ত্রক জনস্বাস্থ্যের মানোন্নয়নে অঙ্গীকারবদ্ধ। মন্ত্রকের প্রতিটি উদ্যোগে ঐক্য ও সাম্যের নীতি যাতে অনুসৃত হয়, তা নিশ্চিত করা হয়।

## উদ্ভাবন ও প্রযুক্তির প্রশ্নে ভারতীয় তরুণ প্রজন্ম অন্যতম শ্রেষ্ঠ: প্রধানমন্ত্রী

**নয়াদিল্লি, ৩০ অক্টোবর, ২০২৪ : নিউজ সারাদিন :** প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী ভারত সম্পর্কে গিটহাব সংস্থার মুখ্য কার্যনির্বাহী আধিকারিক টমাস ডোহমকের মন্তব্য উদ্ধৃত করেছেন। ডোহমকে বলেছেন, সৃজনশীল জনসংখ্যার প্রশ্নে ভারত বিশ্বে প্রথম। আন্তর্জাতিক ক্ষেত্রে প্রযুক্তিগত দিক থেকে ভারতের উত্থান অপ্রতিরোধ্য। উদ্ভাবন ও প্রযুক্তির প্রশ্নে ভারতীয় তরুণ প্রজন্মের সাফল্যকে কুর্নিশ জানিয়েছেন প্রধানমন্ত্রী। এক্স পোস্টে প্রধানমন্ত্রী বলেছেন, "উদ্ভাবন ও প্রযুক্তির প্রশ্নে ভারতীয় তরুণ প্রজন্ম অন্যতম শ্রেষ্ঠ"।

## শ্রী পাসুম্পন মুথুরামালিঙ্গা থেভার-এর প্রতি প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদীর শ্রদ্ধার্ঘ

**নয়াদিল্লি, ৩০ অক্টোবর ২০২৪ : নিউজ সারাদিন :** গুরু পূজা উপলক্ষে আজ শ্রী পাসুম্পন মুথুরামালিঙ্গা থেভার-এর প্রতি শ্রদ্ধার্ঘ নিবেদন করলেন প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী। সমাজের উন্নয়নে আজীবন ব্রতী শ্রী পাসুম্পন মুথুরামালিঙ্গা থেভার-এর দর্শন ও শিক্ষার উল্লেখ করেন শ্রী মোদী।

এক্স পোস্টে প্রধানমন্ত্রী বলেছেন : "গুরু পূজা উপলক্ষে সর্বজনশ্রদ্ধেয় পাসুম্পন মুথুরামালিঙ্গা থেভারজির প্রতি শ্রদ্ধা জানাই। অসংখ্য মানুষ তাঁর দর্শন এবং শিক্ষায় অনুপ্রাণিত হয়েছেন। সমাজের উন্নয়নে তিনি দারিদ্র্য দূরীকরণ, আধ্যাত্মিকতা এবং কৃষক কল্যাণে সারা জীবন কাজ করেছেন। তাঁর স্বপ্নের বাস্তবায়নে আমরা কাজ করে যাব।"



ভারতের সর্বাধিক প্রচারিত বাংলা দৈনিক ই পেপার

# সারাদিন

বাংলার মানুষের সাথে, মানুষের পাশে

৪ বর্ষ ২৯৩ সংখ্যা ৩১ অক্টোবর, ২০২৪ বৃহস্পতিবার ১৪ কার্তিক, ১৪৩১

## সম্পাদকীয়

### স্বাস্থ্যক্ষেত্রের সঙ্গে জড়িত ১২,৮৫০ কোটি টাকারও বেশি নানা প্রকল্পের সূচনা, উদ্বোধন ও ভিত্তিপ্রস্তর স্থাপন প্রধানমন্ত্রীর

ধন্বন্তরি জয়ন্তী এবং নবম আয়ুর্বেদ দিবস উপলক্ষে প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী আজ নতুন দিল্লির অল ইন্ডিয়া ইনস্টিটিউট অফ আয়ুর্বেদ-এ স্বাস্থ্যক্ষেত্রের সঙ্গে জড়িত প্রায় ১২,৮৫০ কোটি টাকার নানা প্রকল্পের সূচনা, উদ্বোধন ও ভিত্তিপ্রস্তর স্থাপন করেছেন।

উদ্বোধনী ভাষণে প্রধানমন্ত্রী ধন্বন্তরি জয়ন্তী এবং ধনতেরাস উপলক্ষে সকলকে শুভেচ্ছা জানান। তিনি সমস্ত ব্যবসায়ীকে এই উপলক্ষে শুভেচ্ছা জানিয়েছেন। দিওয়ালি উপলক্ষে আগাম শুভেচ্ছা জানিয়ে প্রধানমন্ত্রী বলেন, এই উপলক্ষে সকলেই বাড়ির জন্য নতুন কিছু কেনেন। এই দীপাবলিকে ঐতিহাসিক আখ্যা দিয়ে প্রধানমন্ত্রী বলেন, অযোধ্যায় প্রভু রামের মন্দির হাজার প্রদীপে উদ্ভাসিত হবে, যা এক কথায় অভূতপূর্ব। প্রভু রাম এ বছর দীপাবলিতে পুনরায় তাঁর নিজ গৃহে ফিরে আসবেন জানিয়ে শ্রী মোদী বলেন, ১৪ বছর নয়, ৫০০ বছর পর অবশেষে এই অপেক্ষার অবসান হতে চলেছে।

এ বছর ধনতেরাস কেবল স্বাস্থ্য ও সমৃদ্ধিরই নয়, বরং ভারতের সংস্কৃতি এবং জীবন দর্শনের এক প্রতীকী সম্মেলন হতে চলেছে। স্বাস্থ্যকে সর্বোচ্চ সম্পদ হিসেবে বর্ণনা করে প্রধানমন্ত্রী বলেন, প্রাচীন এই ধারণা যোগ-এর মারফৎ সারা বিশ্বজুড়ে গ্রহণযোগ্যতা পাচ্ছে। বিশ্বের ১৫০টিরও বেশি দেশে আজ আয়ুর্বেদ দিবস উদযাপিত হওয়ায় আনন্দ প্রকাশ করে প্রধানমন্ত্রী বলেন, আয়ুর্বেদকে ঘিরে উত্তরোত্তর আকর্ষণ বৃদ্ধি পাচ্ছে এবং এই সুপ্রাচীন চিকিৎসা পদ্ধতিতে বিশ্বে ভারতের অবদান স্বীকৃত হচ্ছে। প্রধানমন্ত্রী বলেন, বিগত দশকে দেশে স্বাস্থ্যক্ষেত্রে আয়ুর্বেদ জ্ঞান এবং আধুনিক চিকিৎসা পদ্ধতির এক মেলবন্ধন ঘটেছে। অল ইন্ডিয়ান ইনস্টিটিউট অফ আয়ুর্বেদ এই পর্বে এক উল্লেখযোগ্য দিক হিসেবে চিহ্নিত হয়। তিনি বলেন, সাত বছর আগে আয়ুর্বেদ দিবসে এই প্রতিষ্ঠানের প্রথম পর্যায় তিনি দেশকে উৎসর্গ করেছিলেন আর আজ ভগবান ধন্বন্তরির আশীর্বাদে এই প্রতিষ্ঠানের দ্বিতীয় পর্যায়ের উদ্বোধন হল। তিনি বলেন এই প্রতিষ্ঠানে আয়ুর্বেদ এবং চিকিৎসা বিজ্ঞানে আধুনিক গবেষণার অগ্রগতির ফলে পঞ্চকর্ম-এর মতো প্রাচীন প্রয়োগ কৌশলের সঙ্গে আধুনিক প্রযুক্তির মেলবন্ধন ঘটছে। এই অগ্রগতিতে শ্রী মোদী দেশবাসীকে অভিনন্দন জানিয়েছেন। প্রধানমন্ত্রী বলেন, রাষ্ট্রের উন্নতি প্রত্যক্ষভাবে দেশবাসীর স্বাস্থ্যের সঙ্গে জড়িত। স্বাস্থ্যক্ষেত্রে সরকারের অগ্রাধিকার স্বাস্থ্যনীতির পাঁচটি স্তম্ভের ওপর দাঁড়িয়ে রয়েছে। প্রতিরোধমূলক স্বাস্থ্য ব্যবস্থা, প্রাথমিক রোগ নির্ণয়, নিখরচায় বা ব্যয়সাশ্রয়ী চিকিৎসা ও ওষুধ, ছোট শহরে ডাক্তারি চিকিৎসা পাওয়া এবং স্বাস্থ্য পরিষেবার ক্ষেত্রে আধুনিক প্রযুক্তির প্রসারই হল এই পাঁচটি স্তম্ভ। শ্রী মোদী বলেন, ১৩ হাজার কোটি টাকারও বেশি বিভিন্ন প্রকল্পের উদ্বোধন ও ভিত্তিপ্রস্তর স্থাপনে আয়ুষ চিকিৎসা প্রকল্পের অধীন চারটি অত্যাধুনিক কেন্দ্র তৈরি, ড্রোনের মাধ্যমে চিকিৎসা পরিষেবার প্রসার, ঋষিকেশের এইমস-এ হেলিকপ্টার পরিষেবা, নতুন দিল্লি ও বিলাসপুর এইমস-এ নতুন পরিকাঠামো এবং দেশের আরও পাঁচটি এইমস-এ চিকিৎসা পরিষেবার প্রসার, মেডিকেল কলেজ তৈরি, নার্সিং কলেজগুলির জন্য ভূমিপুজো এবং স্বাস্থ্যক্ষেত্রের আরও নানা প্রকল্প এর সঙ্গে জড়িত রয়েছে। শ্রমিকদের জন্য অনেক হাসপাতাল গড়ে ওঠায় প্রধানমন্ত্রী সন্তোষ প্রকাশ করেন। ওষুধ প্রস্তুত কেন্দ্রগুলির উদ্বোধনের ওপর আলোকপাত করে প্রধানমন্ত্রী বলেন, আধুনিক ওষুধ প্রস্তুত এবং উন্নতমানের স্টেন্ট ও প্রতিস্থাপনের ফলে স্বাস্থ্যক্ষেত্রে ভারতের প্রসার ঘটবে।

প্রধানমন্ত্রী বলেন, আমাদের বেশিরভাগই এমন সব পরিবার থেকে এসেছি যেখানে কারোর রোগ হওয়া মানে পরিবারের ওপর বজ্রাঘাত বলেই গণ্য হয়, বিশেষ করে গরীব পরিবারের কোনো মানুষ যদি গুরুতর কোনো রোগে আক্রান্ত হন। তিনি বলেন, একটা সময় ছিল যখন চিকিৎসা করাতে গিয়ে মানুষকে বাড়ি, জমি, অলঙ্কার বিক্রি করতে হত কারণ চিকিৎসার ব্যয়ভার বহনের সামর্থ্য তাঁদের ছিল না। পরিবারের অন্যান্য অগ্রাধিকারের দিকে তাকিয়ে গরীব মানুষদের কাছে স্বাস্থ্য অবহেলিতই থেকে যেত। গরীব মানুষদের এই উদ্বেগ দূর করতে আমাদের সরকার আয়ুষ্মান ভারত যোজনা চালু করে যার মাধ্যমে গরীব মানুষেরা নিখরচায় ৫ লক্ষ টাকা পর্যন্ত হাসপাতালে চিকিৎসা পেতে পারেন। দেশের প্রায় ৪ কোটি গরীব মানুষ এই প্রকল্প থেকে উপকৃত হচ্ছেন। তিনি বলেন, দেশের বিভিন্ন রাজ্যের আয়ুষ্মান যোজনার সুবিধাভোগীদের সঙ্গে সাক্ষাতে তাঁর মনে হয় যে এটা তাঁদের কাছে এক আশীর্বাদ হিসেবে দেখা দিয়েছে। আয়ুষ্মান যোজনার প্রসারে সন্তোষ প্রকাশ করে শ্রী মোদী বলেন, প্রত্যেক প্রবীণ মানুষ এই প্রকল্পের দিকে তাকিয়েছিলেন তার কারণ, নির্বাচনে তাঁর গ্যারান্টি ছিল যে তৃতীয়বারের জন্য ক্ষমতায় এলে সত্তরোর্ধদের বিনা পয়সায় আয়ুষ্মান বয়ো বন্দনা কার্ডের মাধ্যমে নিখরচায় হাসপাতালে চিকিৎসা হবে। তিনি বলেন এই কার্ড আয় নির্বিশেষে সকলের জন্যই প্রযোজ্য। গরীব, মধ্যবিত্ত, উচ্চবিত্ত সব ধরনের মানুষই এর আওতায় আসবেন। বাড়ির প্রবীণ মানুষেরা এই সুবিধার আওতায় আসায় হিসাব বহির্ভূত খরচ বহুলাংশে হ্রাস পাবে বলে প্রধানমন্ত্রী মন্তব্য করেন। দেশবাসীকে এই উপলক্ষে তিনি অভিনন্দন জানিয়ে বলেন যে দিল্লি এবং পশ্চিমবঙ্গে এই প্রকল্প এখনও রূপায়িত হয়নি। চিকিৎসা খরচ কমিয়ে আনা সরকারের অগ্রাধিকার জানিয়ে প্রধানমন্ত্রী বলেন, দেশজুড়ে ১৪ হাজারেরও বেশি প্রধানমন্ত্রী জন ঔষধি কেন্দ্র স্থাপনের ফলে ৮০ শতাংশেরও কম মূল্যে ওষুধ পাওয়া যাচ্ছে। এতে গরীব, মধ্যবিত্ত সকলেই উপকৃত হচ্ছেন। স্টেন্ট এবং হাঁটু প্রতিস্থাপনের সরঞ্জামের খরচও বহুলাংশে কমানো হয়েছে। ফলে, সাধারণ মানুষের ৮০ হাজার কোটি টাকা সাশ্রয় হয়েছে বলে তিনি জানান। নিখরচায় ডায়লিসিস প্রকল্প, প্রাণঘাতী রোগ, গর্ভবতী মহিলা এবং সদ্যোজাতদের জীবন রক্ষায় মিশন ইন্দ্রধনুষ যুগান্তকারী কাজ করছে। প্রধানমন্ত্রী সঠিক সময়ে রোগ নির্ণয়ের ওপর গুরুত্ব দিয়ে বলেন, এর ফলে ঝুঁকি কমে এবং রোগজনিত বিভিন্ন অসুবিধা দূর হয়। ২ লক্ষেরও বেশি আয়ুষ্মান আরোগ্য মন্দির আগাম রোগ নির্ণয় ও চিকিৎসার জন্য গড়ে তোলা হয়েছে বলে তিনি জানান। ক্যান্সার, মধুমেহ, উচ্চ রক্তচাপ প্রভৃতি রোগের আগাম নির্ণয়ের ফলে কোটি কোটি মানুষ উপকৃত হচ্ছেন। চিকিৎসা ব্যবস্থার সঙ্গে আধুনিক প্রযুক্তির মেলবন্ধনের ফলে ই-সঞ্জীবনী প্রকল্পে ৩০ কোটিরও বেশি মানুষ অনলাইনে নিখরচায় ডাক্তারদের পরামর্শ নিতে পারছেন। মহামারীর সময় ঈড়-রিহ মঞ্চের সাফল্য বিশ্বজুড়ে স্বীকৃতি পেয়েছে এবং ইউপিআই ব্যবস্থা সাফল্যের কীর্তি হিসেবে রচিত হয়েছে। ডিজিটাল জন-পরিকাঠামোর মধ্য দিয়ে স্বাস্থ্যক্ষেত্রের এই সাফল্যকে ভারত তুলে ধরতে চায়। বিগত এক দশকে স্বাস্থ্যক্ষেত্রের প্রভূত অগ্রগতির ওপর আলোকপাত করে প্রধানমন্ত্রী বলেন, আগের ৬-৭ দশকে যা সীমিত পরিমাণে হয়েছিল, গত দশ বছরে রেকর্ড সংখ্যক নতুন এইমস ও মেডিকেল কলেজ স্থাপিত হয়েছে। আজকের অনুষ্ঠানের উল্লেখ করে তিনি বলেন, কর্ণাটক, উত্তরপ্রদেশ, অন্ধ্রপ্রদেশে নতুন হাসপাতালের উদ্বোধন হল। কর্ণাটকের বোম্মাসান্দ্রা এবং নারসাপুর, মধ্যপ্রদেশের পিথমপুর, অন্ধ্রপ্রদেশের অচিতাপুরম এবং হরিয়ানার ফরিদাবাদে নতুন মেডিকেল কলেজের ভিত্তিপ্রস্তর স্থাপিত হল। সেইসঙ্গে, উত্তরপ্রদেশের মীরাটে নতুন ইএসআইসি হাসপাতালের কাজ শুরু হল। ইন্দোরে নতুন হাসপাতাল চালু করা হল। শ্রী মোদী বলেন, নতুন হাসপাতালের সংখ্যা বৃদ্ধির অর্থ মেডিকেল আসনের সংখ্যাও বৃদ্ধি। তিনি বলেন, কোনো গরীব সন্তানের ডাক্তার হওয়ার স্বপ্ন অপূর্ণ থাকবে না এবং মধ্যবিত্ত কোনো ছাত্রকে জোর করে বিদেশে পড়তে যেতে হবে না। তিনি বলেন, গত দশ বছরে প্রায় ১ লক্ষ নতুন এমবিবিএস ও এমডি আসন বেড়েছে। আগামী পাঁচ বছরে আরও ৭৫ হাজার আসন বাড়বে বলেও ঘোষণা করেন তিনি। দেশের স্বাস্থ্য পরিষেবার ক্ষেত্রে আয়ুষ চিকিৎসক হিসেবে ৭ লক্ষ ৫০ হাজার নাম নথিভুক্ত হয়েছে। এই প্রবণতা দেশে স্বাস্থ্য পর্যটনের প্রসার ঘটাবে। আয়ুষ চিকিৎসায় আরও বেশি করে যুব সম্প্রদায় যুক্ত হলে হৃদরোগ প্রতিরোধ, অস্থি সংক্রান্ত আয়ুর্বেদ চিকিৎসা এবং আয়ুর্বেদ পুনর্বাসন কেন্দ্র দেশ ও বিদেশে প্রসারিত হবে। একবিংশ শতাব্দীতে চিকিৎসাক্ষেত্রের দ্রুত অগ্রগতির ওপর আলোকপাত করে প্রধানমন্ত্রী বলেন, অতীতে যে সমস্ত রোগ নিরাময়যোগ্য ছিল না, সেগুলির এখন নিরাময় হচ্ছে। সুস্বাস্থ্য ও চিকিৎসায় ভারতের হাজার বছরের অভিজ্ঞতা রয়েছে। প্রকৃতি প্রশিক্ষণ অভিযান চালুর ঘোষণা করে প্রধানমন্ত্রী বলেন, প্রকৃত জীবনশৈলী এবং আয়ুর্বেদ সূত্র মেনে ব্যক্তির জীবনে রোগের ঝুঁকি কমানো সম্ভব। বিশ্বজুড়ে ভারতের এই স্বাস্থ্য ব্যবস্থা স্বীকৃতি পাবে বলেও তিনি জানান। প্রথাগত ঔষধি হিসেবে অশ্বগন্ধা, হলুদ, গোলমরিচের গুরুত্ব ভেষজ বিজ্ঞান স্বীকৃত। আমাদের প্রথাগত স্বাস্থ্য ব্যবস্থার ওপর জোর এই সমস্ত ঔষধিরও বাজারগত চাহিদা বাড়াবে। অশ্বগন্ধার চাহিদা এই দশকের শেষে ২৫০ কোটি ডলারে পৌঁছবে বলে মনে করা হচ্ছে। আয়ুষ-এ সাফল্য কেবলমাত্র স্বাস্থ্যক্ষেত্রেই নয়, অর্থনীতিতেও সদর্থক প্রভাব ফেলছে জানিয়ে প্রধানমন্ত্রী বলেন, আয়ুষ ঔষধি প্রস্তুত ক্ষেত্র ২০১৪ সালের ৩০০ কোটি ডলার থেকে বর্তমানে প্রায় ২,৪০০ কোটি ডলারে পৌঁছেছে। অর্থাৎ, দশ বছরে এই বৃদ্ধি প্রায় আটগুণ। তিনি আরও বলেন, ভারতে ৯০০-রও বেশি আয়ুষ স্টার্ট-আপ এখন কাজ করছে। এর ফলে যুব সম্প্রদায়ের অনেক কর্মসংস্থানের সুযোগ বাড়ছে। আয়ুষজাত পণ্য ১৫০টি দেশে রপ্তানি হচ্ছে। ফলে, ভারতীয় কৃষকরা স্থানীয় ঔষধি চাষের মাধ্যমে উপকৃত হচ্ছেন এবং বিশ্ব বাজারে জায়গা করে নিচ্ছেন। নমামি গঙ্গে প্রকল্পের মতো উদ্যোগের উল্লেখ করে তিনি বলেন, এর ফলে প্রাকৃতিক চাষ প্রসার লাভ করছে এবং গঙ্গা নদীর তীর ধরে ঔষধি গাছের চাষ হচ্ছে। সুস্বাস্থ্যের ক্ষেত্রে ভারতের দায়বদ্ধতার ওপর আলোকপাত করে প্রধানমন্ত্রী বলেন যে ভারতের জাতীয় চরিত্র এবং সামাজিক বিন্যাসের সঙ্গে তা জড়িত। 'সবকা সাথ, সবকা বিকাশ' - গত দশ বছর ধরে এই দর্শনের ভিত্তিতে দেশের নীতি নির্ণয়ে সরকার জোর দিয়েছে বলেও প্রধানমন্ত্রী জানান। শ্রী মোদী তাঁর ভাষণ শেষে বলেন, আগামী ২৫ বছরে উন্নত ও স্বাস্থ্যকর ভারতের এক শক্ত ভিত্তি গড়ে তুলবে এই প্রয়াস।

কেন্দ্রীয় স্বাস্থ্য ও পরিবারকল্যাণ এবং সার ও রসায়ন মন্ত্রী শ্রী জে পি নাড্ডা, শ্রম ও কর্মসংস্থান এবং যুব বিষয়ক ও ক্রীড়ামন্ত্রী ডঃ মনসুখ মাণ্ডব্য অন্যদের মধ্যে অনুষ্ঠানে উপস্থিত ছিলেন।

## কোজাগরী লক্ষ্মী পূজা সঠিকভাবে পালন করলে বহু ফল পাওয়া যায় মানব জীবনে



-: মৃত্যুঞ্জয় সরদার :-

রাজা বিনয় সুরে হাতজোড় করে জিজ্ঞেস করলেন, "কেন মা আমি কি করলাম?"

সে বলল, "আমি যে আর থাকতে পারবো না। বাড়িতে যে তুই অলক্ষ্মী কিনে এনেছিস।"

তারপর কাঁদতে কাঁদতে রাজলক্ষ্মী চলে গেলেন।

খারাপ মন নিয়ে রাজা জানলার ধারে বসে ছিলেন হঠাৎ দেখলেন একজন নারী বেরিয়ে যাচ্ছে অমনি দৌড়ে গিয়ে রাজা জিজ্ঞাসা করলেন, "কে মা তুমি?

ক্রমশঃ

## • সতর্কীকরণ •

এই পত্রিকায় প্রকাশিত সমস্ত বিজ্ঞাপনের দায় বিজ্ঞাপনদাতার পাঠকদের যথাযথ অনুসন্ধানের পর আস্থা স্থাপনের অনুরোধ জানাই। বিজ্ঞাপনদাতার ওপর বিশ্বাস রেখে বিজ্ঞাপন ছাপানো হয়। এই ব্যাপারে পত্রিকা কোনো রকম দায়িত্ব নেবে না।

## আদিশক্তি



মৃত্যুঞ্জয় সরদার
(নবম পর্ব)



মুসলমান বাঙ্গীজীর ঘরে রাত কাটান। সুতরাং তাঁর পিতৃশ্রাদ্ধে কোন ব্রাহ্মণ কায়স্থ উপস্থিত হবেন না।

কালীপ্রসাদ কায়স্থদের জন্য অত চিন্তিত নন। কারণ রাজা নবকৃষ্ণের অনুগত ছাড়া অন্য কায়স্থদল শ্রাদ্ধকাজে উপস্থিত থাকবে বলে কথা দিয়েছে। কিন্তু ব্রাহ্মণদলের জন্য তিনি চিন্তায় পড়ে গেলেন।

কলকাতা ও আশেপাশের অঞ্চলের ব্রাহ্মণরা শোভাবাজার রাজবাড়ির বৃত্তিভোগী ও অনুগত। ব্রাহ্মণরা উপস্থিত না থাকলে এবং দান গ্রহণ না করলে কি করে তিনি পিতৃশ্রাদ্ধ সুষ্ঠভাবে সম্পন্ন করবেন তা ভেবে উঠতে পারছেন না।

এই বিপদে পড়ে কালীপ্রসাদ বাবু রামদুলাল সরকারের সাথে পরামর্শ করতে গেলেন। তিনি কায়স্থ সমাজের গন্যমান্য ব্যক্তি।

সরকার মশাই কালীপ্রসাদ দত্তকে সঙ্গে নিয়ে গেলেন বৃদ্ধ সন্তোষ রায়ের কাছে। বরিষার সাবর্ণ রায় চৌধুরী পরিবারের সন্তোষ রায় তৎকালীন কলকাতার হিন্দু সমাজের একজন প্রধান নেতা ছিলেন।

রামদুলাল বাবুর মুখে সব ঘটনা শুনে, সন্তোষ রায় কালীপ্রসাদ বাবুকে অভয় দিয়ে জানালেন তিনি ব্রাহ্মণদল নিয়ে তাঁর পিতৃশ্রাদ্ধে উপস্থিত থাকবেন।

শ্রাদ্ধের দিন তিনি বড়িশা, সরশুনা,

ক্রমশঃ

(লেখকের অভিমতের জন্য লেখক দায়বদ্ধ)

## কাশ্মীরে আবার কেন অশান্তি বাড়ছে?



**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন :** গত ২০ দিনের মধ্যে অদিকৃত জম্মু ও কাশ্মীরের সাতটি হামলা চালিয়েছে মুক্তিকামীরা। কেন বেড়ে গেলো তাদের এমন কার্যকলাপ?

গত সোমবার জম্মু ও কাশ্মীরের আখনুরে নিয়ন্ত্রণরেখার কাছে সেনা অ্যাম্বুলেন্সে গুলি চালায় তিনজন মুক্তিকামী। বালতাল এলাকায় মুক্তিকামীরা গুলি চালিয়ে কাছের একটি জঙ্গলে ঢুকে পড়ে। তারপর সেখানে শুরু হয় সেনা অভিযান। সোমবারই একজন মুক্তিকামী নিহত হয়। এরপর মঙ্গলবার সকালে দুই মুক্তিকামীর মৃত্যু হয়েছে।

গত সপ্তাহে গুলমার্গে সেনার গাড়ি লক্ষ্য করে গুলি চালিয়েছিল মুক্তিকামীরা। দুই জন সেনা জওয়ান ও দুই মালবাহক আহত হন। পরে হাসপাতালে তাদের মৃত্যু হয়। এই আক্রমণের কয়েক ঘণ্টা আগেই পুলওয়ামার ত্রালে বাইরের রাজ্যের এক শ্রমিককে গুলি করে মুক্তিকামীরা। সেই শ্রমিক গুরুতর আহত হয়েছেন।

তার কিছুদিন আগে সোনমার্গে নির্মীয়মান একটি টানেলের কাছে সড়ক নির্মাণ সংস্থার সাইটে ঢুকে গুলি চালিয়ে ছয় জন বাইরের রাজ্য থেকে আসা শ্রমিক ও একজন কাশ্মীরি চিকিৎসককে গুলি করে হত্যা করা হয়। তাবে এ হত্যাকাণ্ডে কারা জড়িত তা জানা যায়নি।

গত ১৮ অক্টোবর সোপিয়ানে বিহার থেকে আসা এক শ্রমিককে গুলি করে হত্যা করা হয়। তার দেহে ১২টি বুলেট লেগেছিল। একটি ক্ষেতে তার দেহ পড়েছিল। গত ৯ অক্টোবর দুই সেনা কর্মীকে অপহরণ করা হয়। একজন পালিয়ে যেতে সক্ষম হন। অন্যজনের বুলেটবিদ্ধ দেহ পরে উদ্ধার করা হয়।

### মুখ্যমন্ত্রীর প্রতিক্রিয়া

সদ্যসমাপ্ত বিধানসভা নির্বাচনের পর ন্যাশনাল কনফারেন্স নেতা ওমর আবদুল্লা জম্মু ও কাশ্মীরের মুখ্যমন্ত্রী হয়েছেন। তিনি মুখ্যমন্ত্রী পদে শপথগ্রহণের পর একাধিক সন্ত্রাসী হামলার ঘটনা ঘটেছে। ওমর আবদুল্লা বলেছেন, সম্প্রতি জম্মু ও কাশ্মীরে সন্ত্রাসী হামলার ঘটনা বেড়ে যাওয়ায় তিনি উদ্বিগ্ন। তিনি কঠোরতম ভাষায় এই হামলার নিন্দা করেছেন।

গুলমার্গে সন্ত্রাসবাদী হামলার পর কংগ্রেস বলেছে, এনডিএ-র ব্যর্থ নীতির জন্য এই অবস্থা হয়েছে। কংগ্রেসের অভিযোগ, কেন্দ্রে এনডিএ সরকার জম্মু ও কাশ্মীরে নিরাপত্তা দেয়ার ক্ষেত্রে ব্যর্থ হয়েছে। তাদের অবিলম্বে এর দায় নিতে হবে এবং সেনা, নিরাপত্তা বাহিনী ও সাধারণ মানুষকে নিরাপত্তা দিতে হবে।

## মোদির নেতৃত্বে ভারত বিশ্ব শান্তির জন্য হুমকি

**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন :** ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি ক্ষমতায় আসার পর থেকে গোটা অঞ্চলের শান্তি প্রায় বিপন্ন। নিকটতম বা দূরবর্তী কোনো প্রতিবেশীই ভারতের হাত থেকে নিরাপদ নয়।ভারতের 'সন্ত্রাসী কার্যকলাপে' সবচেয়ে বেশি ক্ষতিগ্রস্ত হয়েছে পাকিস্তান।ভারতের মনোবল এখন এতটাই বেড়েছে যে, তারা এসব কর্মকাণ্ডের কথা প্রকাশ্যেই বলে বেড়ায়।



চলতি বছরের শুরুর দিকে ভারতের প্রতিরক্ষামন্ত্রী রাজনাথ সিং এক সংবাদ সম্মেলনে পাকিস্তানে সন্ত্রাসী কর্মকাণ্ড চালানোর বিষয়টি স্বীকার করেছিলেন। রাজনাথ সিং আরএসএসের কট্টর মুসলিমবিরোধী মতাদর্শে বিশ্বাসী। মোদির মতো তাকেও চরমপন্থী ও মুসলিমবিরোধী মনোভাবের ভিত্তিতে ভারতের চরমপন্থি মহলে পছন্দের প্রার্থী হিসেবে দেখা হয়।

কাশ্মীরে ভারতীয় সন্ত্রাসবাদ বৈশ্বিক সন্ত্রাসবাদের জন্য হুমকি হয়ে দাঁড়িয়েছে। কিন্তু নিজেদের জীবন উৎসর্গ করেও কাশ্মীরিরা আত্মনিয়ন্ত্রণের অধিকার ছাড়ছে না। ২০১৯ সালের ৫ আগস্ট জাতিসংঘের প্রস্তাব লঙ্ঘন করে ভারত সরকার ভারতীয় সংবিধানের ৩৭০ অনুচ্ছেদ বাতিল করে কাশ্মীরের স্বতন্ত্র মর্যাদা পরিবর্তনের চেষ্টা করে। সংবিধানের ৩৭০ ধারা বাতিলের পর গত পাঁচ বছরে প্রায় সাড়ে ১২ কোটি জনসংখ্যার মুসলিম সংখ্যাগরিষ্ঠ এলাকাটি গভর্নরের শাসনে নিয়ন্ত্রিত হচ্ছিল।কিন্তু এ বছরের অক্টোবরের প্রথম সপ্তাহে অনুষ্ঠিত সাধারণ নির্বাচনে অধিকৃত জম্মু-কাশ্মীরের জনগণ বিজেপিকে পরাজিত করে তাদের পূর্ণ ঘৃণা প্রকাশ করেছে। ভারতের রাষ্ট্রীয় সন্ত্রাসের শিকার অধিকৃত কাশ্মীরে ২০১৪ সালের পর এটিই ছিল প্রথম স্থানীয় নির্বাচন।

দশকের পর দশক ধরে লাখ লাখ সৈন্য কর্তৃক কাশ্মীরি জনগণের ওপর অমানবিক নৃশংসতা ও হত্যাকাণ্ড চালিয়ে আসা ভারত সরকারের অপমানজনক পরাজয়ে প্রমাণিত হয়েছে যে, কোনো অঞ্চল কিছু সময়ের জন্য সন্ত্রাস, গুলি এবং জবরদখলের মাধ্যমে দখল করা যেতে পারে কিন্তু স্থায়ীভাবে জনগণের কণ্ঠরোধ করা যায় না।সাম্প্রতিক নির্বাচনের ফলাফল কাশ্মীর বিরোধকে আরও একবার আন্তর্জাতিক সংবাদমাধ্যমের শিরোনামের অংশ করে তুলেছে।

কাশ্মীরিরা আবারো আন্তর্জাতিক সন্ত্রাসবাদীকে বিচারের আওতায় এনেছে এবং তাদের রক্ত দিয়ে এই লড়াইয়ে একটি নতুন রঙ দিয়েছে। অন্যদিকে অধিকৃত কাশ্মীরের পর ভারতীয় সন্ত্রাসের শাখা পাকিস্তান, বাংলাদেশ ও নেপাল থেকে কানাডায়ও ছড়িয়ে পড়েছে।২০২৩ সালের জুন মাসে কানাডায় শিখ স্বাধীনতা সংগ্রামী হরদীপ সিং নিজ্জরকে হত্যা করা হয়।কানাডার প্রধানমন্ত্রী জাস্টিন ট্রুডো সংসদীয় তদন্তের পর ভারতের সঙ্গে কূটনৈতিক বিরোধ নিয়ে দীর্ঘ কথা বলেছেন।

কানাডার প্রধানমন্ত্রী বলেন, ২০২৩ সালের সেপ্টেম্বরে ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি যখন জি-২০ শীর্ষ সম্মেলনের আয়োজন করছিলেন, তখন সরকার এ তথ্যগুলো জনসমক্ষে আনতে পারত। তবে আন্তর্জাতিক নৈতিকতার কথা মাথায় রেখে আমরা এটা করিনি।বরং তাদের সন্ত্রাসের যাবতীয় প্রমাণ আমরা ভারতের শীর্ষ নেতৃত্বকে দিয়েছি।এ ঘটনায় কূটনৈতিক টানাপোড়েনের পর কানাডা সরকার ছয় ভারতীয় কূটনীতিককে বহিষ্কার করে এবং তাদের দেশ ছাড়ার নির্দেশ দেয়।কানাডার পুলিশ প্রধান মাইক ডেভেহ্যাম স্পষ্টভাবে বলেছেন, ভারত সরকারের এজেন্টরা কানাডায় অপরাধমূলক কর্মকাণ্ডে জড়িত; যা স্থানীয় সমাজ ও নাগরিকদের জন্য মারাত্মক হুমকি হয়ে দাঁড়িয়েছে।

তিনি আরও বলেন, পুলিশের হাতে আসা তথ্য-প্রমাণে দেখা যায়, ভারত সরকারের এজেন্টরা হত্যাকাণ্ড ও সহিংস ঘটনায় জড়িত।পুলিশি তদন্তে উঠে এসেছে যে, কানাডায় ভারতীয় কূটনৈতিক এবং কনস্যুলেটগুলো তাদের পদের সুযোগ নিয়ে সরাসরি বা তাদের তথ্যদাতাদের মাধ্যমে গোপন কার্যকলাপে জড়িত ছিল।স্বেচ্ছায় বা জোর করে ভারত সরকারের জন্য তথ্য সংগ্রহ করেছে।কানাডা সরকারের পক্ষ থেকে জানা গেছে, খালিস্তান সমর্থকদের টার্গেট করতে অপরাধী চক্র ব্যবহার করা হয়েছিল।

ভারতের সন্ত্রাসবাদ শুধু কানাডাতেই সীমাবদ্ধ নয়, গত মে মাসে মার্কিন এফআইএ এজেন্টরা ভারতীয় গোয়েন্দা সংস্থা 'র' এর নির্দেশে এক আমেরিকান শিখ নাগরিককে হত্যার ষড়যন্ত্র বানচাল করে দেয়।নভেম্বরে মার্কিন আদালতে দায়ের করা অভিযোগপত্রে বলা হয়েছে, গুরপতবন্ত নামে এক মার্কিন নাগরিককে হত্যা করার জন্য এক ভারতীয় এজেন্ট নিখাল গুপ্তাকে এক লাখ ডলার দিয়েছিল।রাষ্ট্রীয় সম্পদের ব্যবহার এ সন্ত্রাসী দেশটির পর্দা উন্মোচন করেছে যা বিশ্ব শান্তির জন্য হুমকিস্বরূপ।

বিশ্ব নেতৃত্বের স্বপ্নদেখা মোদির জানা উচিত নেতৃত্ব বন্দুক, বিস্ফোরণ, হুমকি ও সন্ত্রাসবাদের মাধ্যমে আসে না, আসে শান্তির বাস্তব অভিব্যক্তি থেকে। মোদির ভারত আগেও বিশ্ব শান্তির জন্য হুমকি ছিল এবং আজও একটি বড় হুমকি হয়ে আছে।বিশ্ব নেতাদের অবশ্যই এর পথ বন্ধ করতে হবে। অন্যথায় যে কোনো সময় বিশ্ব শান্তি হুমকির মুখে পড়তে পারে।

# সিনেমার খবর

## মুখে অস্ত্রোপচার ইস্যুতে এবার ক্ষোভ ঝাড়লেন আলিয়া



**নিজস্ব সংবাদদাতা : নিউজ সারাদিন :** নানা ইস্যুতে বরাবরই আলোচনায় থাকেন বলিউড অভিনেত্রী আলিয়া ভাট। অস্ত্রোপচার করে চেহারা বদলেছেন এমন গুঞ্জন নিয়ে সবচেয়ে বেশি বিতর্কের মুখে পড়তে হয়েছে তাকে। কখনও বলা হয়েছে, অস্ত্রোপচারের মাধ্যমে তিনি গালের অতিরিক্ত চর্বি বাদে দিয়েছেন। কখনও বলা হয়েছে, নাকে অস্ত্রোপচার করিয়েছেন। এমনকি সম্প্রতি এক ভিডিওতে দাবি করা হয়েছে, অস্ত্রোপচার করতে গিয়ে তিনি আংশিকভাবে পক্ষাঘাতগ্রস্ত হয়েছেন। তাই নাকি কথা বলার সময়ে আলিয়ার মুখ এক দিকে বেঁকে যায়। এসব দাবির বিরুদ্ধে এবার মুখ খুলেছেন আলিয়া। নিজের ইনস্টাগ্রাম প্রোফাইলে দেওয়া এক পোস্টে রীতিমত ক্ষোভ ঝেড়েছেন তিনি।

আলিয়া লিখেছেন, 'যারা চেহারায় অস্ত্রোপচার করিয়েছেন, তাঁদের বিরুদ্ধে আমার কোনও মতামত নেই। এটা তাঁদের ব্যক্তিগত অভিরুচি। কিন্তু এটা কী হচ্ছে! সোশ্যাল মিডিয়ায় কিছু ভিডিওতে দাবি করা হচ্ছে, অস্ত্রোপচার করাতে গিয়ে নাকি আমার মুখ বেঁকে গিয়েছে, আমার হাসিতে পরিবর্তন এসেছে।

আমার কথা বলার ধরনও নাকি অদ্ভুত। একটা মানুষের মুখ নিয়ে আপনাদের মনগড়া মতামত এই সব! এই ধরনের মন্তব্যের নেপথ্যে আপনারা আবার বৈজ্ঞানিক যুক্তি দিচ্ছেন! আমার মুখের একটা দিক নাকি পক্ষাঘাতগ্রস্ত। আপনারা কি মশকরা করছেন?'

আলিয়া আরও লেখেন, 'এই দাবিগুলি কিন্তু খুবই গুরুত্বপূর্ণ। কিন্তু তার কোনও প্রমাণ নেই। যুক্তি নেই। তার চেয়েও খারাপ হল, অল্পবয়সী ছেলেমেয়েদের এই সব আবর্জনার মতো মিথ্যে তথ্য জানান দিয়ে আপনারা প্রভাবিত করছেন। আপনারা এগুলো কি জনপ্রিয়তা পাওয়ার জন্য বলছেন? সব দাবি ভিত্তিহীন।'

## যিশুর সঙ্গে বিচ্ছেদ নিয়ে ফের মুখ খুললেন নীলাঞ্জনা



**নিজস্ব সংবাদদাতা : নিউজ সারাদিন :** বেশ কয়েক মাস ধরে আলোচনার কেন্দ্রে টালিপাড়ার একদা চর্চিত দম্পতি যিশু সেনগুপ্ত ও নীলাঞ্জনা সেনগুপ্ত। তাদের সম্পর্কে তৃতীয় ব্যক্তির উপস্থিতি রয়েছে। টালিপাড়ায় জোর গুঞ্জন, বিবাহবিচ্ছেদের পথেই নাকি এগোচ্ছেন তারা। যদিও আনুষ্ঠানিক ভাবে কিছু ঘোষণা করেননি তাঁরা। তবু বেশ কয়েক মাস ধরেই ছাদ আলাদ হয়েছে যিশু-নীলাঞ্জনার।

দুই মেয়ে সারা ও জারাকে নিয়ে কখনও মুম্বাই, কখনও কলকাতা থাকছেন নীলাঞ্জনা। টলিপাড়ার অনেকেই নাকি চেষ্টা করছেন, যাতে দু'পক্ষের মিটমাট হয়ে যায়। তবে আকারে-ইঙ্গিতে বিভিন্ন সময়ে নিজের জীবনের সত্যিটা যেন বুঝিয়ে দিয়েছেন তিনি। ঠিক যেমনটা এবার জানালেন, জীবনের বড় একটা ক্ষতি হলেও কোন জিনিসটা ভাল হয়েছে।

এক সময় নিজে অভিনেত্রী হিসাবে আত্মপ্রকাশ করে ভালই নামডাক হয়েছিল নীলাঞ্জনার। আচমকা যিশুকে বিয়ে করে সব কিছু থেকে নিজেকে সরিয়ে নেন। সংসার ও দুই মেয়েকে নিয়ে কাটে একটা সময় পর্যন্ত। তার পর নিজের প্রযোজনা সংস্থার কাজ শুরু করেন।

শোনা যায়, অভিনেতাকে নেপথ্যে থেকে সর্বদা শক্তি জুগিয়ে গিয়েছেন নীলাঞ্জনাই। কিন্তু সেই সম্পর্কই নাকি এখন টালমাটাল! যদিও এই মুহূর্তে সেনগুপ্ত পরিবারের অন্দরের সমীকরণ নিয়ে কুলুপ এঁটেছেন দু'পক্ষই। যদিও এই খবর প্রকাশ্যে আসার পর থেকে নীলাঞ্জনা একাই যে সব দিক সামলাচ্ছেন, তা বারবার বুঝিয়ে দিয়েছেন তিনি।

অন্যদিকে, প্রচারের আলো থেকে নিজেকে গুটিয়ে নিয়েছেন যিশু। তবে সেনগুপ্ত পরিবারের অন্দরে যে বড় পালাবদল ঘটেছে সেই ইঙ্গিত দিলেন তারকা পত্নী।

তিনি ইনস্টাগ্রামে একটি পোস্ট দিয়ে লেখেন, 'জীবনে ট্র্যাজেডিকর যখন কিছু ঘটে, সাময়িকভাবে সব কিছু ওলট-পালট হয়ে যায়। কিন্তু এর ভাল দিক হল এই সময় তুমি নিজের ব্যক্তিগত উন্নতির দিকে নজর দিতে পারো যা একপ্রকার পুনর্জন্মের মতো।'

## স্কুল বান্ধবীর কারণেই ঐশ্বরিয়ার সংসারে অশান্তি, গুঞ্জন ছিল অক্ষয়ের সঙ্গেও





**নিজস্ব সংবাদদাতা : নিউজ সারাদিন :** বলিউডের আলোচিত অভিনেত্রী নিমরত কউরের নাম জড়িয়ে রয়েছে বেশ কয়েকজন তারকার সঙ্গে। সম্প্রতি গুঞ্জন উঠেছে, অভিষেক বচ্চনের সঙ্গে তার ঘনিষ্ঠতার কারণেই নাকি ঐশ্বরিয়ার সঙ্গে অভিষেকের দাম্পত্য জীবনে দূরত্ব এসেছে।

'দশভি' ছবির শুটিং সেটে অভিষেক ও নিমরতের মধ্যে একধরনের সম্পর্ক গড়ে ওঠে বলে কানাঘুষো চলছে। বলিপাড়ার একটি অংশের দাবি, অভিষেকের 'স্কুলের প্রেমিকা' হিসেবে পরিচিতি পাওয়া এই অভিনেত্রী নাকি তাদের সম্পর্কের অবনতির কারণ। তবে বিষয়টি নিয়ে কেউ সরাসরি মুখ না খুললেও, এই গুঞ্জনে বলিউড মহল সরগরম।

২০১৮ সালে নিমরত কউরের নাম প্রাক্তন ভারতীয় ক্রিকেটার ও কোচ রবি শাস্ত্রীর সঙ্গে জড়িয়েছিল। যদিও নিমরত ও রবি দু'জনেই এসব খবরকে মিথ্যা বলে উড়িয়ে দেন, তবে তাদের মধ্যে ঘনিষ্ঠতা নিয়ে তখনও বলিউডে বেশ কিছু দিন আলোচনা হয়েছিল।

এর আগে দক্ষিণের জনপ্রিয় তারকা রানা দগগুবতি ও বলিউডের খ্যাতনামা অভিনেতা অক্ষয় কুমারের সঙ্গেও নিমরতের সম্পর্কের গুঞ্জন শোনা গিয়েছে। যদিও এসব নিয়ে কখনও মুখ খোলেননি নিমরত, তবে তার ব্যক্তিগত জীবন ও সম্পর্ক নিয়ে কৌতূহল বরাবরই বলিউড মহলের আলোচনার কেন্দ্রে।

অভিষেক-ঐশ্বর্যার সম্পর্কের গুঞ্জন নিয়ে বলিপাড়ায় আলোচনা থামছে না, আর সেই সঙ্গে পুনরায় ব্যক্তিগত জীবনে নিমরত কউরকে ঘিরে চলছে নানা রকম জল্পনা।



## সময়ের আগেই পর্দায় আসছে 'পুষ্পা টু'



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** করোনা মহামারি পরবর্তী সময়ে মুক্তিপ্রাপ্ত ছবিগুলোর মধ্যে সবচেয়ে সফল ছবি 'পুষ্পা'। ২০২১-এ মুক্তি পায় ছবিটি; বক্স অফিসেও দারুণ ব্যবসা করে। চলতি বছর আগস্টেই 'পুষ্পা টু'-এর মুক্তি পাওয়ার কথা ছিল। কিন্তু ভিএফএক্সের কাজ শেষ না হওয়ায় নির্মাতারা ছবির মুক্তি পিছিয়ে নেয় ডিসেম্বরে।

আগামী ৬ ডিসেম্বর 'পুষ্পা টু' মুক্তি পাওয়ার কথা ছিল। কিন্তু আবারও তারিখ পরিবর্তন। পূর্ব নির্ধারিত তারিখের একদিন আগে প্রেক্ষাগৃহে আসতে চলেছে আল্লু অর্জুনের 'পুষ্পা টু'। সম্প্রতি অভিনেতার সামাজিক মাধ্যমের একটি পোস্টে ছবিটির নতুন তারিখ ঘোষণা করা হয়। সেই তারিখটি ৫ ডিসেম্বর।

'পুষ্পা- দ্য রাইজ' ছবির সাফল্যের পরেই এর দ্বিতীয় ভাগ 'পুষ্পা- দ্য রুল'-এর অপেক্ষায় রয়েছেন দর্শকরা। গত বছরের শেষের দিকে ছবির কাজে হাতও দিয়েছিলেন পরিচালক সুকুমার। ৪০ শতাংশ শ্যুটিং হয়ে যাওয়ার পর আচমকা বন্ধ হয়ে যায় কাজ। পরিচালক ফের নতুন করে শ্যুটিং শুরু করেন। গতবারের বিপুল সাফল্যের পর এবার একেবারে নিখুঁতভাবে দর্শকের সামনে আনতে চাইছেন পুষ্পাকে। মাঝে অবশ্য দুটি পোস্টার ও একটি গান মুক্তি পেয়েছে। ছবির পোস্টারে আল্লুর রূপসজ্জা নিয়ে চর্চা হয়েছে বেশ। তেমনই রাশ্মিকার সঙ্গে আল্লুর গানও ইতোমধ্যেই জনপ্রিয়। বাকিটা তো দেখাই গেছে।

## বলিউডে কাজের পরিকল্পনা নেই বলে জানালেন প্রিয়াঙ্কা



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** হলিউডেই পুরোপুরি মন বসিয়েছেন প্রিয়াঙ্কা চোপড়া। মুম্বাইয়ে আসা যাওয়া থাকলেও, বলিউড ছবি থেকে দূরত্ব বাড়িয়েছেন নিজের। তবুও কানে এসেছিল, ফারহান আখতারের 'জি লে জারা' ছবি দিয়েই নাকি বলি ছবিতে কামব্যাক করবেন প্রিয়াঙ্কা। কিন্তু আচমকাই সেই ছবি বাতিল হল।

'জি লে জারা' ছবির হিসেব না হয় বাদ। কিন্তু যে বলিউড থেকে অভিনেত্রী হয়ে ওঠা, সেই বলিউডকেই সুযোগ পেলে একহাত নিতে ভোলেন না প্রিয়াঙ্কা। বরং হলিউডে বসেই বলিউড ইন্ডাস্ট্রিকে কটাক্ষ করেন।

সম্প্রতি এক সাক্ষাৎকারে পরিষ্কার বললেন, বলিউড ছবি তৈরি করার সময় কোনও প্ল্যান থাকে না। কিন্তু হলিউড ছবির পরিচালকরা একেবারে পেপারওয়ার্ক করেই ছবি তৈরি শুরু করেন!

প্রিয়াঙ্কা আরও বলেন, 'ছবির তৈরির ক্ষেত্রে হলিউড খুবই পরিকল্পনা মাফিক এগিয়ে চলে। শুটিংয়ের আগের দিন প্রায় ১০০ টা ই-মেইল আসবে। যেখানে শুটিংয়ের সমস্ত তথ্য দেওয়া হবে। শুধু তাই নয়, কলটাইম মিস করা যায় না। ই-মেইলে লেখা থাকে কতক্ষণ শুটিং চলবে। পুরো ব্যাপারটাই একটা ছকের মধ্যে বাঁধা থাকে। কিন্তু বলিউডে কোনও পরিকল্পনা নেই। যখন যেমন, তখন তেমন! আর এই বিষয়টাকে মুম্বাইয়ে খুব ভালো চোখেই দেখা হয়। প্রোফেশনালিজম হলিউড থেকে শেখার মতো।'

# রিয়ালে যোগ দিতে চান হল্যান্ড!



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** মাত্র তৃতীয় মৌসুম খেলছেন ম্যানচেস্টার সিটির হয়ে।এরই মধ্যে ইংলিশ ক্লাবটির তো বটেই, প্রিমিয়ার লীগেরও অনেক ঐতিহাসিক রেকর্ড নিজের নামে করে ফেলেছেন আর্লিং হল্যান্ড।তবে ক্যারিয়ারের শেষটা সিটির সাথে দেখছেন না এই তারকা স্ট্রাইকার। এমবাপের পর এবার রিয়াল মাদ্রিদে যোগ দিতে চাচ্ছেন ম্যানচেস্টার সিটির তারকা।

এমনটাই দাবি করছে স্প্যানিশ সংবাদমাধ্যম মুন্ডো দেপোর্তিভো।

ম্যানচেস্টার সিটির তারকা স্ট্রাইকার আর্লিং হলান্ড রিয়াল মাদ্রিদে যোগ দিতে আগ্রহ প্রকাশ করেছেন বলে জানিয়েছে স্প্যানিশ সংবাদমাধ্যম মুন্ডো দেপোর্তিভো। নরওয়েজিয়ান এই ফুটবলারের ম্যানচেস্টার সিটির সঙ্গে বর্তমান চুক্তি ২০২৭ সাল পর্যন্ত থাকলেও, ধারণা করা হচ্ছে রিয়ালের হয়ে খেলতে তিনি আগ্রহী।

হলান্ডের চুক্তিতে ১৫০ মিলিয়ন ইউরোর রিলিজ ক্লজ রয়েছে, যা রিয়াল মাদ্রিদকে সুযোগ করে দিতে পারে। সিটি ইতিমধ্যে এই সম্ভাবনার কথা মাথায় রেখে হলান্ডের বিকল্প খুঁজতে শুরু করেছে এবং সুইডিশ ফরোয়ার্ড ভিক্টর গিয়োকেরেসকে তার স্থলাভিষিক্ত হিসেবে বিবেচনা করছে।

প্রতিবেদনে বলা হয়েছে, ২০২৫ সালের মধ্যেই হলান্ডের রিয়ালে যোগ দেওয়ার সম্ভাবনা রয়েছে, যা মূলত পেপ গার্দিওলার ক্লাবের সঙ্গে চুক্তি শেষ হওয়ার পরে হতে পারে। সিটিতে যোগ দেওয়ার পর থেকেই প্রাক্তন বরুসিয়া ডর্টমুন্ড স্ট্রাইকার হলান্ড ক্লাবকে চ্যাম্পিয়ন্স লিগ ও দুটি প্রিমিয়ার লিগ শিরোপা জিততে সহায়তা করেছেন। চলতি মৌসুমেও তিনি প্রিমিয়ার লিগে ৮ ম্যাচে ১০ গোল করেছেন।

এদিকে, বার্সেলোনাও হলান্ডকে দলে ভেড়ানোর আগ্রহ দেখিয়েছে, তবে আর্থিক সীমাবদ্ধতার কারণে এত বড় ব্যয়ে খেলোয়াড় আনার বিষয়টি তাদের জন্য কঠিন হতে পারে। এতে রিয়ালের পথ আরও মসৃণ হতে পারে, বিশেষ করে কিলিয়ান এমবাপ্পেকে কেনার পর হলান্ডকে দলে ভেড়ালে তাদের আক্রমণভাগ আরও শক্তিশালী হবে।

বর্তমানে বিষয়টি সম্পূর্ণ গুঞ্জন হলেও, হলান্ডের ভবিষ্যত নিয়ে ফুটবল ভক্তরা অপেক্ষায় রয়েছেন, বিশেষ করে সিটি ক্লাব তাদের পঞ্চম প্রিমিয়ার লিগ শিরোপা জেতার লক্ষ্য পূরণের চেষ্টা করছে।

# নেতৃত্বের নিষেধাজ্ঞা উঠে গেল ওয়ার্নারের



**স্টাফ রির্পোটার : নিউজ সারাদিন :** ২০১৮ সালে কেপটাউন টেস্টে বল টেম্পারিংয়ে জড়িত থাকার প্রমাণ মেলায় ডেভিড ওয়ার্নারকে এক বছর নিষিদ্ধ করেছিল ক্রিকেট অস্ট্রেলিয়া (সিএ)। একই সঙ্গে অস্ট্রেলিয়ান ক্রিকেটে আর কোনো দলকে কখনো নেতৃত্ব দিতে পারবেন না, এমন নিষেধাজ্ঞাও দেওয়া হয়েছিল। অবশেষে নেতৃত্বে আজীবন নিষেধাজ্ঞা থেকে মুক্তি মিলল অস্ট্রেলিয়ার সাবেক ওপেনারের। ছয় বছরের বেশি সময় পর তার নিষেধাজ্ঞা তুলে নিয়েছে ক্রিকেট অস্ট্রেলিয়া (সিএ)।

২৫ অক্টোবর ক্রিকেট অস্ট্রেলিয়া তার নিষেধাজ্ঞা তুলে নেওয়ার কথা জানিয়েছে। এতে করে নিজ দেশের ক্রিকেটে অধিনায়ক হতে তার আর কোনো বাধা রইলো না। ৩৭ বছর বয়সী ওয়ার্নার এই নিষেধাজ্ঞা তুলে নিতে নিয়ম অনুযায়ী তিন সদস্যের একটি প্যানেলের সামনে মূল রায়ের শর্তাবলি সংশোধন করার জন্য তার আবেদন উপস্থাপন করেন। প্যানেলটি সবকিছু পর্যালোচনা করে দেখতে পেয়েছে, শাস্তি পাওয়ার পর থেকে ওয়ার্নার 'সম্মানজনক ও অনুশোচনাপূর্ণ' আচরণ করেছেন।

এ ছাড়া তার ওপর আরোপিত নিষেধাজ্ঞা প্রত্যাহার করার জন্য সব ধরনের মানদণ্ড পূরণ করেছেন এবং অপরাধমূলক কর্মকাণ্ডের দায় স্বীকার করেছেন। এ কারণে তিন সদস্যের প্যানেল আজ সর্বসম্মতভাবে ওয়ার্নারের ওপর থেকে আজীবন নিষেধাজ্ঞা প্রত্যাহার করার ঘোষণা দিয়েছে।

সিএর প্রধান নির্বাহী নিক হকলি বলেছেন, 'আমি সন্তুষ্ট যে ডেভিড ওয়ার্নার তার ওপর নিষেধাজ্ঞার শাস্তি পর্যালোচনা করার সিদ্ধান্ত নিয়েছে। সে এই মৌসুমেই অস্ট্রেলিয়ার ক্রিকেটে অধিনায়কের পদ ফিরে পাওয়ার জন্য বিবেচিত হবে।'

# ৫২ থেকে ওয়াইডে ৫৩, মধ্যে পড়ল ৮ উইকেট



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** অস্ট্রেলিয়ার ঘরোয়া ওয়ানডে কাপ ক্রিকেটে ঘটেছে অবাক করা ঘটনা। মাত্র ১ রানের মধ্যে ৮ উইকেট পড়েছে ওয়েস্টার্ন অস্ট্রেলিয়ার। ৫২ থেকে তারা ৫৩তে গেছে ওয়াইডে পাওয়া রানের সুবাদে। জবাবে তাসমানিয়ান টাইগার্স মেন ৭ উইকেটে জিতেছে। পার্থে শুরুতে ব্যাট করতে নামা ওয়েস্টার্ন অস্ট্রেলিয়া ৪৫ রানে হারায় দ্বিতীয় উইকেট। ততক্ষণে ১৩.৫ ওভার খেলা হয়ে গেছে। অর্থাৎ গতি-বাউন্স-সুইংয়ের উইকেটে নতুন বলের ফাঁড়া একরকম কাটিয়ে ফেলেছে দলটি। এরপরই ছয় ব্যাটার ডাক মারায় অলআউট হয়েছে তারা। ওয়েস্টার্ন অস্ট্রেলিয়ার যে দলটি মাত্র ৫৩ রানে অলআউট হয়েছে কিংবা ১ রানের মধ্যে যারা ৮ উইকেট হারিয়েছে তারা যেন-তেন ক্রিকেটার নন। রীতিমতো অস্ট্রেলিয়া জাতীয় দলে খেলেছেন বা খেলেন এমন সব তারকা ক্রিকেটারে ভরা। যেমন ৭ রান করা ওপেনার অ্যারন হার্ডি ২০টি আন্তর্জাতিক ম্যাচ খেলেছেন। সর্বোচ্চ ২২ রান করা ওপেনার ডিআর্চি শর্ট অস্ট্রেলিয়ার জার্সিতে ৩১টি ম্যাচ খেলেছেন। তিনে নেমে ১৪ রান করা ক্যামেরুন বানক্রফট অস্ট্রেলিয়ার টেস্ট ওপেনার ছিলেন। এছাড়া বর্তমান জাতীয় দলে খেলা জস ইংগলিস ১ রান করেন। অ্যাস্টন টার্নার ডাক মারেন, অ্যাস্টন আগার, ঝাই রিচার্ডসনও ডাক মেরে সাজঘরে ফেরেন। মাত্র ১ রান যোগ করে ৮ উইকেট পড়লেও হ্যাটট্রিক হয়নি কোন বোলারের। ডাক মারা ছয় ব্যাটারের একজন কেবল গোল্ডেন ডাকের স্বাদ পেয়েছেন। ৩০ বছর বয়সী মিডিয়াম পেসার বাও ওয়েবেস্টার নিয়েছেন ৬ উইকেট।

# 'আমি ভেবেছিলাম আমাদের বাম উইংয়ে নেইমার আছে'



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** ৪৮তম মিনিটে হাওয়ায় ভাসিয়ে যে ক্রসটা দিলেন মিকি মুর, সেখানে কেবল মাথা ছোঁয়াতে পারলেই গোল পেতে পাতেন রিচার্লিসন। কিন্তু এই ব্রাজিলিয়ানের ব্যর্থতায় গোল মিলেনি। পুরো ম্যাচ জুড়েই এমন সব কারিকুরি দেখিয়েছেন ১৭ বছর বয়সী মুর। যাকে দেখে ক্ষণিকের জন্য সাবেক বার্সেলোনা তারকা নেইমারকে দেখছেন বলে মনে হয়েছে ইংলিশ মিডফিল্ডার জেমস ম্যাডিসনের।

টটেনহ্যাম হটস্পার্সের একাডেমী থেকে উঠে আসা মুরের। তবে অবশেষে সিনিয়র দলে অভিষেক হলো তার। এজি আলকমারের বিপক্ষে আগের দিন শুরু থেকেই খেলেছেন এই তরুণ। আর শুরুতেই নজর কেড়েছেন। তার ড্রিবলিং দেখে এই তরুণের মাঝে নেইমারের ছায়া দেখছেন ম্যাডিসন।

ম্যাচ শেষে টিএনটি স্পোর্টসের সঙ্গে আলাপকালে ম্যাডিসন বলেন, '৪৫ থেকে ৬৫ মিনিটের মধ্যে আমি ভেবেছিলাম আমাদের বাম উইংয়ে নেইমার আছে! সে দুর্দান্ত ছিল। সে শুধু বল চায়, নির্ভীক। সেই তরুণ নির্ভীক মানসিকতা এবং আপনি কখনোই তার কাছ থেকে এটা কেড়ে নিতে চাইবেন না।'

'সে একজন ছোট বাচ্চা, তবে একজন মেধাবী ছেলে। সে একটি দারুণ ছেলে, সে তথ্য নেয় এবং তার অনেক ক্ষমতা আছে। তাই আমি একজন বয়স্ক খেলোয়াড় হিসেবে সেখানে থাকব, আশা করি, কিছু বুদ্ধিমান কথা দিয়ে তাকে পথ চলতে সাহায্য করব। তার সব সামর্থ্যই রয়েছে, এটি কেবল নতজানু হওয়া এবং কঠোর পরিশ্রম করা, যা সে তার প্রতি ন্যায্য হতে পারে,' যোগ করেন ম্যাডিসন।

আলকমারের বিপক্ষে স্পার্সের হয়ে শুরু থেকেই মুগ্ধ করেন মুর। তবে দ্বিতীয়ার্ধের শুরুতে বিশেষভাবে নজর কেড়েছেন এই তরুণ। শুরুতে ডান দিকে খেললেও এই সময়ে বাম দিকে খেলেন। অভিজাত স্তরের খেলোয়াড়দের জন্য মতো নির্ভীক সব ড্রিবলিংয়ের ক্ষমতা দেখিয়েছিলেন। তাতেই মজেছেন ম্যাডিসন।

১৭ বছর বয়সী মুর ইংল্যান্ডের বয়সভিত্তিক দলের নিয়মিত খেলোয়াড়। অনূর্ধ্ব-১৫ পর্যায় থেকেই নজর কেড়েছেন। এরপর অনূর্ধ্ব-১৬, অনূর্ধ্ব-১৭ হয়ে বর্তমানে অনূর্ধ্ব-১৯ দলে খেলছেন তিনি। জুনিয়র লেভেলে ৩৪ ম্যাচে এরমধ্যেই করেছেন ১৯ গোল।

# হায়দরাবাদে হ্যাটট্রিক মোহনবাগানের



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** ইন্ডিয়ান সুপার লিগে মোহনবাগানের শততম ম্যাচ। স্মরণীয় করে রাখল সবুজ মেরুন ব্রিগেড। মরসুমের শুরুর দিকে কিছুটা হোঁচট খেয়েছে। সেই অর্থে মোহনবাগানের মতো ধারাবাহিকতা ছিল না। তবে কলকাতা মিনি ডার্বি এবং বড় ম্যাচে জয়ের পর টিমের ছন্দ পুরোপুরি বদলে গিয়েছে। এ দিন সেঞ্চুরি ম্যাচে জিতে টানা তিন জয় মোহনবাগানের। সেঞ্চুরি ম্যাচে হায়দরাবাদে হ্যাটট্রিক। হায়দরাবাদ এফসিকে ২-০ ব্যবধানে হারাল মোহনবাগান। গত বারের লিগ শিল্ড জয়ী মোহনবাগান এ বারওও সুপার জায়ান্ট হয়ে উঠছে।

ছন্দে ছিল হায়দরাবাদ এফসিও। গত ম্যাচে কলকাতার মহমেডান স্পোর্টিংকে ৪-০ ব্যবধানে হারিয়েছিল তারা। ম্যাচের ১৫ মিনিটেই তিন গোল করেছিল হায়দরাবাদ। ঘরের মাঠে মোহনবাগানের মতো শক্তিশালী দলের বিরুদ্ধে শুরু থেকেই ব্যাকফুটে। মুম্বই সিটি এফসি থেকে এ মরসুমে মোহনবাগানে সই করা গ্রেগ স্টুয়ার্ট ক্রমশ গ্রেট স্টুয়ার্ট হয়ে উঠছেন। গোল করছেন, করাচ্ছেনও। এ দিনও তার অন্যথা হল না।

ম্যাচের ৩৭ মিনিটেই মোহনবাগানকে এগিয়ে দেন মনবীর সিং। অনিরুদ্ধ থাপার পাস থেকে হায়দরাবাদ ডিফেন্সকে কাটিয়ে দুর্দান্ত ফিনিশ মনবীরের। ১-০ লিড নিয়েই বিরতিতে মোহনবাগান। দ্বিতীয়ার্ধেও দুর্দান্ত ফুটবল। স্কোরলাইন শেষ অবধি ২-০ হলেও সুযোগ আরও তৈরি হয়েছে। ম্যাচের ৫৫ মিনিটে মোহনবাগানের স্কোরলাইন ২-০ করেন ক্যাপ্টেন শুভাশিস বোস। অ্যাসিস্ট গ্রেগ স্টুয়ার্টের।

# ইংল্যান্ডে ফিরলে নিচের সারির ক্লাবের কোচ হবেন মরিনহো



**স্টাফ রির্পোটার : নিউজ সারাদিন :** কোচিং ক্যারিয়ারের প্রায় পুরোটাই কাটিয়েছেন শীর্ষ সারির লিগগুলোতে। চলতি মৌসুমে দায়িত্ব নিয়েছেন তুর্কি লিগের ক্লাব ফেনারবাচের। আবারও কি ফিরবেন শীর্ষলিগে? বিশেষকরে ইংলিশ লিগে। যদি এমনটা হয় সেক্ষেত্রে ইংল্যান্ডের নিচের সারির কোনো ক্লাবের দায়িত্ব নিতে চান স্পেশাল ওয়ান।

ইউরোপা লিগের ম্যাচে ফেনারবাচের প্রতিপক্ষ ছিল ম্যানচেস্টার ইউনাইটেড। একসময় এই দলটির কোচ ছিলেন মরিনহো। সাম্প্রতিক সময়ের বাজে পারফরম্যান্সে দলটির কোচ এরিক টেন হাগ রয়েছেন ছাঁটাইয়ের শঙ্কায়।

এদিন তার দলটি ১-১ গোলে রুখে দিয়েছে ইংলিশ জায়ান্টদের।

আবারও ইংলিশ লিগে ফিরতে চান কিনা জানতে চাইলে মরিনহো বলেন, 'ফেনার ছেড়ে যাওয়ার সময় আমাকে সবচেয়ে ভালো যে জিনিসটি করতে হবে তা হলো আমি এমন একটি ক্লাবে যাব যেটা উয়েফা প্রতিযোগিতায় খেলবে না। তাই ইংল্যান্ডের নীচের একটি ক্লাব যার দুই বছরের জন্য একজন কোচের প্রয়োজন। আমি এটা নিয়ে আর কথা বলতে চাই না।'

তবে বরাবরের মতো এদিনই কিছু বিতর্কিত কাণ্ড করেছেন মরিনহো। ফেনেরবাচের পেনাল্টির দাবি নাকচ করে দিলে রেফারির সঙ্গে তর্কে জড়িয়ে পড়েন মরিনহো। তাতে লাল কার্ড দেখে ডাগআউট ছাড়তে হয় তাকে। ম্যাচে তাই ফরাসি রেফারি ক্লেমঁ তুরপিঁকে খোঁচাও মেরেছেন তিনি।

'তিনি (রেফারি) আমাকে অসাধারণ কিছু বলেছেন। তিনি বলেছে যে সে পেনাল্টি বক্সে কি ঘটছে সেটায় নজর রাখার সাথে সাথে টাচলাইনে আমার গতিবিধিও নজরে রাখতে পারেন। আমি রেফারিকে তাই অভিনন্দন জানিয়েছি কারণ তার পেরিফেরাল ভিশন আসলেই অসাধারণ।'

'ঘন্টা প্রতি ১০০ মাইল বেগে চলা ম্যাচের মধ্যে সে তার একটা চোখ দিয়ে পেনাল্টি পরিস্থিতি পর্যবেক্ষণ করছিল, একই সময়ে আরেকটা চোখ দিয়ে ডাগআউটে আমি কি করছি সেটা দেখছিল। মাঠে এই ব্যাখ্যাটাই সে আমাকে দিয়েছিল। আর একারণেই সে বিশ্বের সেরা রেফারি,' যোগ করেন এই কোচ।

একই সঙ্গে ইউনাইটেডকেও খোঁচা মারতে দ্বিধা করেননি মরিনহো, 'আমরা তাদের চেয়ে ভালো খেলেছি, সব মিলিয়ে ম্যানচেস্টার ইউনাইটেডের জন্য ভালো একটি ফল।' ইস্তাম্বুলে ইউনাইটেডের সঙ্গে ১১ গোলে ড্র করেছে ফেনেরবাচে। ক্রিস্টিয়ান এরিকসেনের গোলে ইউনাইটেড এগিয়ে গেলেও বিরতির পর ইউসেফ এনুনেসরির গোলে সমতায় ফেরে তুর্কি ক্লাবটি।

# অস্ট্রেলিয়া সফরের ভারতের টেস্ট দলে অভিমন্যু-রানা-রেড্ডি



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** অস্ট্রেলিয়া সফরের ভারতীয় টেস্ট দলে ডাক পেয়েছেন ব্যাটার অভিমন্যু ঈশ্বরণ, নিতিশ কুমার রেড্ডি ও পেসার হার্শিত রানা। চোটের কারণে জায়গা পাননি রিষ্ট স্পিনার কুলদীপ যাদব। অভিজ্ঞ পেসার মোহাম্মদ শামিকেও ফিট না হওয়ায় দলে রাখা হয়নি।

সম্প্রতি ঘরোয়া ক্রিকেটে টানা রান করা বাংলার ব্যাটার অভিমন্যুকে বিকল্প ওপেনার হিসেবে দলে রাখা হয়েছে। সর্বশেষ চারটি প্রথম শ্রেনীর ইনিংসেই সেঞ্চুরি করেছেন তিনি।

গত বছর ওয়ানডে বিশ্বকাপের পর থেকে চোটের কারণে না খেলা শামি ফিরতে পারেননি এবারও। তার পুনর্বাসন এখনো শেষ হয়নি। শামি না থাকলেও পেস কয়েকজন ভালো মানের পেসার আছে ভারতীয় দলে। জাসপ্রিট বুমরাহর সঙ্গে মোহাম্মদ সিরাজ, আকাশ দ্বীপ, প্রসিদ কৃষ্ণকে রাখা হয়েছে। একদম নতুন হিসেবে সুযোগ পেয়েছেন তরুণ পেসার হার্শিত রানা। জায়গা পেয়েছেন পেস অলরাউন্ডার নিতিশ রেড্ডি, যিনি টি-টোয়েন্টিতে সম্প্রতি পারফর্ম করেছেন।

স্কোয়াডে না থাকলেও দলের সঙ্গে ভ্রমণ করবেন আরও তিন পেসার খলিল আহমেদ, মুকেশ কুমার ও নবদিপ সাইনি।

স্পিন আক্রমণে রবীচন্দ্রন অশ্বিন, রবীন্দ্র জাদেজার পাশাপাশি জায়গা পেয়েছেন ওয়াশিংটন সুন্দর।

২২ নভেম্বর পার্থে শুরু হবে অস্ট্রেলিয়া-ভারতের বোর্ডার-গাভাস্কার ট্রফি। ১০ ডিসেম্বর অ্যাডিলেডে দ্বিতীয়, ১৪ ডিসেম্বর ব্রিসবেনে তৃতীয়, ২৬ ডিসেম্বর মেলবোর্নে চতুর্থ ও ৩ জানুয়ারি সিডনিতে হবে পঞ্চম ও শেষ টেস্ট।

অস্ট্রেলিয়া সফরের ভারতের স্কোয়াড: রোহিত শর্মা (অধিনায়ক), জাসপ্রিট বুমরাহ (সহ-অধিনায়ক), যশভি জয়সওয়াল, অভিমন্যু ঈশ্বরণ, শুভমান গিল, বিরাট কোহলি, লোকেশ রাহুল, রিশভ পান্ত, সরফরাজ খান, ধ্রুব জুরেল, রবীচন্দ্রন অশ্বিন, রবীন্দ্র জাদেজা, মোহাম্মদ সিরাজ, আকাশ দ্বীপ, প্রসিদ কৃষ্ণ, হার্শিত রানা, নিতিশ কুমার রেড্ডি, ওয়াশিংটন সুন্দর।

■ স্বত্বাধিতকারী, প্রকাশক, মুদ্রক : মৃত্যুঞ্জয় সরদার কর্তৃক প্রকাশিত এবং ১৬বি, নবীন কুন্ডু লেন, কলেজ রো, কলেজ স্ট্রীট, কলকাতা-৭০০০০৯ থেকে ডিজিটাল মুদ্রিত ■ সম্পাদক : মৃত্যুঞ্জয় সরদার, ফোন : ৯৫৬৮৩৮২০৩১
■ Printed, Published, Owned by MRITYUNJOY SARDAR and Published at 16 B, Nabin Kundu Lane, College Row, College Street, Kolkata -700009 ■ Phone : 9564382031 Email : durodristhi@gmail.com Editor : MRITYUNJOY SARDAR